ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



বিদেশি স্বর্ণমুদ্রায় শাহরুখ খান

পৃঃ ৫



মাঠে ফেরার অপেক্ষায় মেসি

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২০৭ ● কলকাতা ● ১৪ শ্রাবণ, ১৪৩১ ● মঙ্গলবার ● ৩০ জুলাই, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## বাংলা ভাগের চক্রান্তে বঙ্গ বিধানসভায় সরব

# মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়



**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন** : বাংলা ভাগের চক্রান্ত নিয়ে পশ্চিমবঙ্গ বিধানসভায় বিস্ফোরক মমতা বন্দ্যোপাধ্যায়। সোমবার রাজ্য বিধানসভায় তিনি বলেন উত্তরবঙ্গ দীর্ঘদিন বঞ্চিত। বিজেপি সেইসব দেখে না। নির্বাচন আসলেই শুধু ভাগাভাগি প্রশ্ন। এছাড়াও ইন্দো ভুটান জয়েন্ট রিভার কমিশনের দাবিতে কেন্দ্রকে আর্জির আবেদন নিয়ে এদিন বিধানসভায় প্রস্তাব রাখা হয়। বিধানসভার অধিবেশনের দ্বিতীয় দিনে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কড়া ভাষায় কেন্দ্রের সমালোচনা করেন। বাংলা ভাগের চক্রান্ত হচ্ছে বলেও কার্যত তিনি সরব হন। এই বিষয়ে বিজেপি বিধায়ক সুমন কাঞ্জিলালের বক্তব্যকে সমর্থন করে তিনি বলেছেন " যথার্থ বলেছে। আমি সম্পূর্ণ সমর্থন করছি সুমন। উত্তরবঙ্গ দীর্ঘদিন ধরেই বঞ্চিত"। বিজেপি সেসব দেখেনা। নির্বাচন আসলেই ভাগাভাগির প্রশ্ন, বিভাজনের প্রশ্ন ওঠে। বাংলা ভাগ নিয়ে বিধানসভায় মুখ্যমন্ত্রী আরো বলেন," চার মন্ত্রী উত্তরবঙ্গ ভাগের কথা বলেছেন। ধিক্কার জানানো ছাড়া ভাষা নেই। আসুক বাংলা ভাগ করতে কি করে রুখতে হয় দেখিয়ে দেব"। এদিন মুখ্যমন্ত্রী বলেন " ১লক্ষ ৬৩ হাজার ৭৬৪ কোটি টাকা উত্তরবঙ্গের জন্য খরচ করা হয়েছে। তাই পরিকাঠামো ঢেলে সাজানো হয়েছে। আর ওরা বলে কিছু হয় না" তিনি এই বিষয়ে ভোটাভুটির দাবি জানান। মুখ্যমন্ত্রী বলেন গণতন্ত্রের সিদ্ধান্ত কোন দিকে পড়ে দেখে নিন। এটা নিয়ে যারা বলছেন তারা সন্ত্রাসের দল। ভাগাভাগির দল। আমি এদের মানিনা। অন্যদিকে ইন্দো ভুটান জয়েন্ট রিভার কমিশন নিয়ে রাজ্যের

এরপর ৩ পাতায়

## উত্তরপ্রদেশে দলীয় বিবাদে

### রাশ টানল বিজেপির কেন্দ্রীয় নেতৃত্ব



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** উত্তরপ্রদেশে দলীয় বিবাদে রাশ টানল বিজেপির কেন্দ্রীয় নেতৃত্ব। সোমবার থেকে লখনউতে শুরু হয়েছে রাজ্য বিধানসভার বর্ষাকালীন অধিবেশন। তার আগে মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের সঙ্গে দীর্ঘ বৈঠক করেন দুই উপমুখ্যমন্ত্রী কেশব প্রসাদ মৌর্য এবং বৃজেশ পাঠক।এই পটপরিবর্তনের পরই চর্চা শুরু হয়েছে মোদী তাঁর আশীর্বাদী হাত আপতত কেন যোগীর মাথায় রাখলেন। রাজনৈতিক মহল মনে করছে, প্রশাসন চালনায় যোগীর কঠোর মনোভাব মোদীর বিশেষ পছন্দ। দলেও অনেকে বলে থাকেন, উত্তর প্রদেশে যোগী সরকার চালাচ্ছেন গুজরাতে মোদীর শাসন অনুকরণ করে। তাছাড়া লোকসভা ভোটে যোগী প্রশাসনের কাজের তুমুল প্রসংশা করেন প্রধানমন্ত্রী। এই অবস্থায় ভোটে বিপর্যয়ের দায়ে যোগীকে সরালে মোদীর নিজের গায়ে থুতু ছেটানো হয়ে

এরপর ৩ পাতায়

## জেলার সদর হাসপাতালে অভিযান

### দিদি নাম্বার ১ থেকে আসা হুগলি নাম্বার-১ এর রচনার




গেলেন হুগলির তৃণমূল সাংসদ রচনা বন্দ্যোপাধ্যায়। ওয়ার্ডে ঘুরে দেখতে পান প্রসূতিদের অনেকেই পড়ে রয়েছেন মেঝেতে। আবর্জনা-ভাঙা মেশিন-প্লাসটিকের বাক্স পড়ে রয়েছে যত্রতত্র। তারই মধ্যে মেঝেতেই চিকিৎসা চলছে রোগীদের। নিজের মোবাইলে একের পর এক ছবি তুলে রাখলেন। কর্তৃপক্ষকে বললেন পরেরবার তিনি হাসপাতালে আসার আগে যাতে এই ছবি বদলে যায়।সোমবার হুগলির জেলাশাসকের সঙ্গে তাঁর সংসদ এলাকার উন্নয়নে কী কী কাজ করনীয় সে বিষয়ে আলোচনা করেন রচনা বন্দ্যোপাধ্যায়। এই বৈঠকেই জেলার স্বাস্থ্য পরিষেবা ইমামবাড়া জেলা হাসপাতাল পরিদর্শনে যান হুগলি নম্বর ১-এর রচনা।এই হাসপাতালে বিভিন্ন ওয়ার্ড ঘুরে দেখেন তিনি।প্রসূতি বিভাগে গিয়ে প্রসূতিদের পাশেই আবর্জনা-প্লাস্টিকের প্যাকেট ইত্যাদি পড়ে থাকতে দেখে নিজের মোবাইল ফোন বের করে পরপর ছবি তোলেন। হাসপাতাল সুপার অমিতাভ মণ্ডলকে বলেন,সদ্যজাতরা এসএনসিইউতে রয়েছে আর মায়েরা অস্বাস্থ্যকর জায়গায় মেঝেতে শুয়ে রয়েছেন। এঁদের বেড দেওয়া যায় না?এটা আমি আশা করিনি।এতদিন কে ছিল আমার জানার দরকার নেই।

এরপর ৩ পাতায়

## নিয়োগ দুর্নীতির অভিযোগে

### পাবলিক সার্ভিস কমিশনের প্রাক্তন অফিসারকে ১৪ বছর কারাদণ্ড দিল আদালত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : এগ্রিকালচার ডেভেলপমেন্ট অফিসার নিয়োগে দুর্নীতির অভিযোগে অসম পাবলিক সার্ভিস কমিশনের প্রাক্তন চেয়ারম্যান রাকেশ কুমার পালকে দুই লক্ষ টাকার জরিমানা এবং ১৪ বছর কারাদন্ডের আদেশ দিয়েছে আদালত। এছাড়াও অসম পাবলিক সার্ভিস কমিশনের অন্য দুই সদস্য বসন্তকুমার ডলি এবং সামেদুর রহমানকে পঞ্চাশ হাজার টাকা করে জরিমানা দশ বছর কারাদন্ড দেওয়া হয়েছে। তা ছাড়াও আরো ২৯ জনকে দশ হাজার টাকা করে জরিমানা এবং চার বছরের কারাদণ্ডের নির্দেশ দেওয়া হয়েছে। আসম পাবলিক সার্ভিস কমিশনের প্রাক্তন চেয়ারম্যান রাকেশ কুমার সহ ৪৩ জনের বিরুদ্ধে ২০১৭ সালে এগ্রিকালচার ডেভেলপমেন্ট অফিসার চাকরির আবেদনকারীর অভিযোগের পরে মামলা

এরপর ৩ পাতায়




পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি

তথ্য ও সংস্কৃতি বিভাগ □ পশ্চিমবঙ্গ সরকার

১/১ আচার্য জগদীশচন্দ্র বসু রোড, কলকাতা – ৭০০০২০

**মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে**

**৫ টি আবাসিক নাট্য প্রশিক্ষণ কর্মশালা**

পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি আগামী আগস্ট থেকে সেপ্টেম্বর ২০২৪–এর মধ্যে রাজ্যের ৫টি স্থানে একটি করে ৫দিনের আবাসিক নাট্য প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করবে। আগ্রহীরা পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির সচিবকে উদ্দেশ্য করে আবেদন জানাতে পারেন।কর্মসূচি এবং নিয়মাবলি বিশদে নীচে দেওয়া হল।

| ক্রমিক সংখ্যা | বিভাগের নাম | তারিখ | স্থান | বিভাগের অন্তর্গত জেলা | সাক্ষাৎকার গ্রহণের সম্ভাব্য তারিখ ও স্থান |
|---|---|---|---|---|---|
| ১ | মালদা বিভাগ | ১২ – ১৬ আগস্ট ২০২৪ | বহরমপুর | উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, মালদা, মুর্শিদাবাদ | বহরমপুর ০২.০৮.২০২৪ |
| ২ | প্রেসিডেন্সি বিভাগ | ১৭ – ২১ আগস্ট ২০২৪ | বারুইপুর | কলকাতা, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, নদিয়া | আলিপুর (কলকাতা) ০৮.০৮.২০২৪ |
| ৩ | জলপাইগুড়ি বিভাগ | ২৮ আগস্ট – ০১ সেপ্টেম্বর ২০২৪ | কোচবিহার | আলিপুরদুয়ার, কোচবিহার, দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং | কোচবিহার ০৫.০৮.২০২৪ |
| ৪ | বর্ধমান বিভাগ | ০৯ – ১৩ সেপ্টেম্বর ২০২৪ | বর্ধমান | পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, হুগলি, বীরভূম | পূর্ব বর্ধমান ০৯.০৮.২০২৪ |
| ৫ | মেদিনীপুর বিভাগ | ১৮ – ২২ সেপ্টেম্বর ২০২৪ | ঝাড়গ্রাম | বাঁকুড়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, পূর্ব মেদিনীপুর, পুরুলিয়া | ঝাড়গ্রাম ২২.০৮.২০২৪ |

যোগ্যতা : বয়স ১৮ থেকে ৩০ বছর। ন্যূনতম মাধ্যমিক পাশ হতে হবে। একজন মাত্র একটি কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন, তাঁকে ওই বিভাগের যে কোনো জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। আবেদনে থাকতে হবে – নাম, বয়স, পিতা/মাতার নাম, স্থায়ী ঠিকানা, প্রথাগত শিক্ষা, লিঙ্গ, বিভিন্ন কলায় পারদর্শীতার অভিজ্ঞতা (যদি থাকে), যোগাযোগের ফোন নম্বর। দিতে হবে আধার কার্ডের কপি ও ১ টি পাসপোর্ট সাইজের ছবি। ২০ /০৭ /২০২৪ এর মধ্যে workshop.pbna@gmail.com –এ মেইল করে আবেদন করবেন। সাক্ষাৎকারের জন্য ডাক পেলে নিজের খরচায় আসতে হবে। নির্বাচিত হলে কর্মশালায় বিনা ব্যয়ে অংশগ্রহণ করা যাবে। শিবির শেষে শংসাপত্র পাওয়া যাবে।

যোগাযোগ : (০৩৩) ২২২৩ -১১৩২

সচিব
পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি

# কুমিরে টেনে নিয়ে গেল মৎস্যজীবীকে



**দক্ষিণ ২৪ পরগনা: নিউজ সারাদিন :** নদীতে মাছ ধরে জীবনজীবিকা নির্ভর করে সুন্দরবনের বহু পরিবার, এটা তাদের নিত্যদিনের কর্ম হয়ে দাঁড়িয়েছে। তবে এদিন ছোটো ছেলেটাকে সঙ্গে নিয়েই বিকালে মাছ ধরতে ডিঙি নৌকয় গিয়েছিলেন আব্বাস। নদীতে সবেমাত্র জাল ফেলেছিলেন। তখনই খপাৎ করে নদীর বুক চিরে উঠে আসে একটা বড় হা-মুখ। করাতের মতো দাঁত তখন কামড় বসিয়েছে আব্বাসের হাতে। বাবার হাতের মাংস খুবলে গিয়েছে। দশ-বারো বছরের ছেলেটা ভয়ে পিছ-পা হয়নি।একটি স্পিডবোটে করে জগদ্দল নদীতে তল্লাশি অভিযান চলছে। রাত পর্যন্ত ওই আব্বাসের কোনও সন্ধান পাওয়া যায়নি বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে। সোমবার সকাল থেকে নদীতে শুরু হয়েছে তল্লাশি অভিযান। মৎস্যজীবীকে কুমিরের টেনে নিয়ে যাওয়ার খবর চাউর হতেই নদীর পাড়ে ভিড় জমান এলাকার বাসিন্দারা। নিখোঁজ মৎস্যজীবীর পরিবারের লোকজনেরা উদ্বিগ্ন। কান্নায় ভেঙে পড়েছেন সকলেই।সেই কুমিরের হা-মুখের ভিতরেই হাত ঢুকিয়ে দিয়েছিল সে, বাবাকে বাঁচাতে। চোয়াল শক্ত করে টেনে ধরে রাখার চেষ্টা রেখেছিল কুমিরের। কিন্তু এভাবে যে হবে না। আব্বাস চিৎকার করছিলেন, ছোট ছেলেকে বলেছিলেন লোক ডেকে আনতে। নদীতে সাঁতরে লোকও ডেকে আনে, কিন্তু ততক্ষণে আব্বাসকে নিয়ে নদী গহ্বরে উধাও হয়ে গিয়েছে সেই 'দানব'। সুন্দরবনের পাথরপ্রতিমা এলাকায় এবার কুমির টেনে নিয়ে গেল মৎস্যজীবীকে। দক্ষিণ ২৪ পরগনার পাথরপ্রতিমা ব্লকের জিপ্লট গ্রাম পঞ্চায়েতের সত্যদাসপুরে বাবাকে বাঁচাতে ছোট্ট এই ছেলের সাহসে কুর্নিশ জানাচ্ছেন দুঁদে কর্তারাও। পুলিশ জানিয়েছে, নিখোঁজ মৎস্যজীবীর নাম আব্বাসউদ্দিন শেখ (৪৫)। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছন গোবর্ধনপুর কোস্টাল থানার পুলিশ ও বনদফতরের কর্মীরা। তাঁরা খোঁজ চালাচ্ছেন।পরিবার সূত্রে জানা গিয়েছে, আব্বাস রবিবার বিকালে একটি ডিঙি নৌকা নিয়ে মাছ ধরতে গিয়েছিলেন। এর আগেও তিনি এভাবে মাছ ধরতে যান। তাঁর সঙ্গে ছিল ছোট ছেলে। আব্বাসের ছোট ছেলে ঘটনার একমাত্র প্রত্যক্ষদর্শী। সে জানায়, "কুমিরটাকে আগে দেখতে পাইনি। আব্বা জাল ফেলতেই কুমিরটা আব্বার হাত ধরে। আব্বার হাত দিয়ে রক্ত বেরোচ্ছিল। আমি এসে কুমিরের দাঁতের পাটিতে হাত ঢুকিয়ে টানছি। আব্বা বলল, যা লোক ডেকে আন, একা পারবি না, আমি এই দিকটা দেখছি। আমি লোক ডাকতে গিয়েই এসে দেখি আব্বা নেই। এসে কাউকে দেখা যায়নি।"

## নীতি আয়োগের ঘটনায়

# রাজ্য বিধানসভায় প্রস্তাব আনেন তৃণমূল বিধায়ক ডাক্তার মানস ভূঁইয়া




**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** নীতি আয়োগের বৈঠকে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের মাইক বন্ধ করে দেওয়াকে কেন্দ্র করে উত্তাল রাজ্য রাজনীতি। আর সেই বিতর্কের আঁচ এসে পড়ল পশ্চিমবঙ্গ বিধানসভায়। সোমবার বঞ্চনার কথা তুলে রাজ্য বিধানসভায় প্রস্তাব আনা হয়।মুখ্যমন্ত্রী মিথ্যা ভাষণ দিয়েছেন এই অভিযোগে শিলিগুড়ির বিজেপি বিধায়ক শঙ্কর ঘোষ সহ অন্যান্য বিজেপি বিধায়করা প্রতিবাদ শুরু করেন। বিধানসভা শুরুর দিন থেকেই একাধিক ইস্যুতে সরগরম হয়ে ওঠে বিধানসভা। সম্প্রতি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নীতি আয়োগের বৈঠক থেকে বেরিয়ে আসার ঘটনার প্রতিবাদ জানিয়ে ডাক্তার মানসরঞ্জন ভূঁইয়া প্রস্তাব আনেন। এই প্রস্তাবে উক্ত বিষয় আলোচনা এবং নিন্দা জানানোর কথা বলা হয়েছে। মানুষ বাবুর এই প্রস্তাব বিধানসভার স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায় গ্রহণ করে এই বিষয় আলোচনা শুরুর কথা বলেন। ডাক্তার মানুষ ভূঁইয়া বলেন, "পরিকল্পনা করে বাংলার মুখ্যমন্ত্রীকে অপমান করা হয়। বন্দ্যোপাধ্যায়কে অপমান মানে বাংলাকে অপমান। ইচ্ছাকৃতভাবে বঞ্চনার কথা তুলতে দেওয়া হয়নি "। এর কিছুক্ষণের মধ্যেই বিজেপি পরিশোধীয় দলের পক্ষ থেকে প্রতিবাদ জানিয়ে বিধানসভার কক্ষ ত্যাগ করে রাস্তায় বেরিয়ে গিয়ে বিক্ষোভ দেখাতে শুরু করেন। শিলিগুড়ির বিজেপির বিধায়ক শঙ্কর ঘোষ দাবি করেন " সত্য আসতে দিতে চান না মুখ্যমন্ত্রী। এমনকি অসত্য ভাষণ তুলে ধরেছেন। শুধু তাই নয় এই সরকার কেন্দ্রের কোন প্রকল্প মানে না"। " মুখ্যমন্ত্রী ইন্ডিয়া জোটের হয়ে একটা সেটিং করতে গিয়েছিলেন। ভেতরে যা হয়নি সাংবাদিকদের সামনে সেই কথাই তিনি মিথ্যা বলেছেন" বলে দাবি করেছেন বিজেপি বিধায়ক শিখা চট্টোপাধ্যায়।

এই বিষয় বিধানসভা স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায় বলেন রাজ্যের স্বার্থে নীতি আয়োগের বৈঠকে গিয়েছিলেন। যেভাবে তাঁকে বাধা দেওয়া হয়েছে তা অনৈতিক। সব মিলিয়ে এই ঘটনাকে কেন্দ্র করে শুধু বঙ্গ বিধানসভায় নয় দিল্লির বুকে ঝড় তুলতে চাইছে তৃণমূল। মনে করা হচ্ছে কেন্দ্রের মোদি সরকারের নিঃসন্দেহে এতে চাপ বাড়তে পারে।

## বাবাকে দেখতে কলকাতায় এলেন

# মিঠুন-পুত্র মিমো




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অনুরাগীদের কপালে চিন্তার ভাঁজ। কারণ শারীরিক অসুস্থতা নিয়ে মিঠুন চক্রবর্তী শহরের একটি বেসরকারি হাসপাতালে ভর্তি। দিনভর 'মহাগুরু'র স্বাস্থ্য সংক্রান্ত খবর নিয়ে চাপানউতর চলেছে। ব্রেন স্ট্রোকে আক্রান্ত হয়েছেন অভিনেতা। বাবার শারীরিক অসুস্থতার খবর পেয়ে শনিবার রাতেই মুম্বই থেকে শহরে এসেছেন মিঠুনের বড় ছেলে মহাক্ষয় চক্রবর্তী ওরফে মিমো।এই প্রসঙ্গে আনন্দবাজার অনলাইনের তরফে মিমোর সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করা হয়। কিন্তু তাঁর ফোন বেজে গিয়েছে। আনন্দবাজার অনলাইনের তরফে মিঠুনের ছোট ছেলে নমশি চক্রবর্তীর সঙ্গে যোগাযোগ করা হলে তিনি মিঠুনকে নিয়ে বিশেষ কোনও কথা বলতে চাননি। তাঁর সংক্ষিপ্ত প্রতিক্রিয়া, "ভাগ্য সহায়, বাবা এখন ভাল আছেন।" শোনা যাচ্ছে, রবিবার বিকালে মিঠুনকে হাসপাতাল থেকে ছুটি দেওয়া হতে পারে। কিন্তু সে ক্ষেত্রে মিমো বাবাকে মুম্বই নিয়ে যেতে চাইবেন কি না, সে প্রশ্নও উঠছে। সূত্রের খবর, রবিবার ছুটি পেলে কলকাতাতেই থাকবেন মিঠুন। অভিনেতার শারীরিক পরিস্থিতি দেখে বাকি সিদ্ধান্ত নেওয়া হবে।সূত্রের খবর, রবিবার সকালে মিঠুনকে দেখতে হাসপাতালে আসেন মিমো। দু'জনের মধ্যে দীর্ঘ ক্ষণ কথাবার্তা হয়। সেই সময় পিতা-পুত্রের সঙ্গে ছিলেন টলিপাড়ার প্রযোজক অতনু

## তৃণমূল কংগ্রেসের 'সন্ত্রাসের' কারণে

# বিজেপির বেশ কিছু লোকজন এখনও বাড়ি ফিরতে পারেননি বলে অভিযোগ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভোটের ফল প্রকাশের পরে প্রায় দু'মাস পরেও তৃণমূল কংগ্রেসের 'সন্ত্রাসের' কারণে বিজেপির বেশ কিছু লোকজন এখনও বাড়ি ফিরতে পারেননি বলে অভিযোগ। ওই ঘরছাড়া বিজেপি কর্মীদের অনেকেই রয়েছেন কলকাতায় মাহেশ্বরী ভবন, মুরলীধর লেনে বিজেপির পুরনো রাজ্য দফতর-সহ নানা জায়গায়। ঘরছাড়ারা-সহ বিজেপি কর্মীদের একাংশের কথায় এক দিকে যেমন তৃণমূলের সঙ্গে লড়তে হলে দলের 'কৌশলে' জোর দেওয়ার প্রসঙ্গ উঠে আসছে, তেমনই বিজেপির সাংগঠনিক খামতির কথাও তাঁরা বলছেন। লড়াইয়ের অভিমুখ নিয়ে কর্মীদের দাবি প্রসঙ্গে রাজ্য বিজেপির প্রধান মুখপাত্র শমীক ভট্টাচার্যের বক্তব্য, 'সব জেলাতেই 'সেফ হাউজ' চলছে। নির্বাচনে জয়-পরাজয় যা-ই হোক, সংগঠন তা থেকে শিক্ষা নেয়। দলের গঠনতন্ত্রের মধ্যে থেকেই আমরা আগামী দিনে পরবর্তী পদক্ষেপ করব।' তবে সন্ত্রাসের অভিযোগ উড়িয়ে তৃণমূল নেতা কুণাল ঘোষের বক্তব্য, 'সম্পূর্ণ সাংগঠনিক ব্যর্থতা। কিছু নেতার কথা শুনে ওঁরা (বিজেপি কর্মীরা) এমন প্ররোচনা ছড়িয়েছেন যে, এখন এলাকায় মুখ দেখাতে পারছেন না। তৃণমূল কিছু করেনি। 'মুরলীধর লেনে দলীয় দফতরে আশ্রয় নিয়েছেন কুলতলির এক প্রৌঢ়। তাঁর অভিযোগ, 'ভোটের দিন আটকে রেখে দেয়, বোমাবাজি করে। লোকসভায় অনেকেই ভোট দিতে পারেননি।' কাছেই থাকা আরও এক জন ঘরছাড়া কর্মী এই সূত্রেই স্বীকার করছেন তাঁদের সংগঠনিক দুর্বলতার কথা। তাঁর বক্তব্য, 'তৃণমূলের অত্যাচার রুখতে পারলে ভোটের ফল অন্য রকম হত। সন্ত্রাস আটকাতে না পারলে আমরা জিতব না।' ভোটের ফলপ্রকাশের পরে দলের অন্দরে 'ঐকমত্যের অভাব' যে প্রকাশ্যে এসেছে, সে কথাও উঠে আসছে বিজেপির মহিলা মোর্চার কয়েক জন কর্মীর বক্তব্যে। তাঁদের কথায়, 'আমরা ঘরের লোকের সঙ্গে লড়তেই ব্যস্ত। বাইরের লোকের সঙ্গে লড়ার সময় কোথায়?'এই পরিস্থিতিতে তৃণমূলের সঙ্গে লড়াতে হলে কৌশলে জোর দেওয়ার কথা বলছেন বিজেপি কর্মীদের অনেকেই। এক কর্মীর বক্তব্য, 'তৃণমূলের বিরুদ্ধে তৃণমূলের কৌশলে লড়তে হবে। খালি কর্মসূচি করে এই সরকারের বিরুদ্ধে লড়া যাবে না।" যদিও পথে থাকাটাও যে অত্যন্ত জরুরি, সেটাও মানছেন তাঁরা। সূত্রের খবর, পুরমন্ত্রী ফিরহাদ হাকিমের একটি মন্তব্যের বিরুদ্ধে আগামী ৩০ জুলাই রানি রাসমণি অ্যাভিনিউতে সভা করার কর্মসূচি নিয়েছে কয়েকটি হিন্দুত্ববাদী সংগঠন। সেখানে প্রধান বক্তা হিসেবে থাকার কথা বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর। যদিও সভার জন্য সেনাবাহিনীর প্রয়োজনীয় অনুমতি এলেও এখনও লালবাজারের অনুমতি মেলেনি।






## বর্তমানে ওরছায় রাম রাজা লোকের নির্মাণ কাজ চলছে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারত ধর্মের দেশ। প্রাচীন সভ্যতার পীঠভূমি। অসম, বিহার থেকে শুরু করে উত্তর প্রদেশ, কর্ণাটক, মহারাষ্ট্র - প্রায় সব রাজ্যেই শতাব্দী প্রাচীন সংস্কৃতির ইতিহাস লুকিয়ে রয়েছে। মাটি খুঁড়ে সে সব খুঁজে আনে আর্কিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া। নতুন করে সামনে আসে দেশের সমৃদ্ধময় ঐতিহ্যের কথা।৫০০ বছরের প্রাচীন ধবংসাবশেষ: আর্কিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াকে গোটা বিষয়টা জানানো হয়। তৎক্ষণাৎ প্রত্নতত্ত্ব বিভাগের দল ঘটনাস্থলে পৌঁছয়। শুরু হয় কাজ। এএসআই-এর গবেষণায় উঠে এসেছে, ধ্বংসাবশেষ ৫০০ বছরেরও বেশি পুরনো। এর আগেও ঝাঁসি সংলগ্ন এলাকায় খনন কার্যে অনেক ঐতিহাসিক বস্তু পাওয়া গিয়েছিল। এবার ৫০০ বছরের প্রাচীন ইতিহাসের ঝুলি খুলতে চলেছে।

৫ ফুটের কলসি, সিঁড়ি, বারান্দা: ঘটনাস্থলে পৌঁছে নিজেদের মতো করে কাজ শুরু করে এএসআই। খননকালে বিশেষজ্ঞরা একটি চতুর্ভুজ আকৃতির মন্দিরের মতো কাঠামো, একটি সিঁড়ি, পাথরের তৈরি একটি বারান্দা এবং ৫ ফুট উচ্চতার একটি বিশালাকার কলস পেয়েছেন। বর্তমানে এই সব বস্তু খুঁটিয়ে পরীক্ষা করে দেখছে এএসআই দল।সম্প্রতি নয়াদিল্লির ওরছায় চলছিল খনন কাজ। জেসিবি দিয়ে মাটি খোঁড়া হচ্ছিল। হঠাৎই ঘণ্টার মতো শব্দ শুনে চমকে ওঠেন জেসিবি অপারেটর। তৎক্ষণাৎ খনন কাজ বন্ধ করে দেওয়া হয়। ডাক পড়ে বিশেষজ্ঞদের। তাঁরা এসে খুঁটিয়ে দেখেন। তখনই উঠে আসে ৫০০ বছরের পুরনো ইতিহাস।

বেতোয়া নদীর তীরে অবস্থিত ওরছা নগর। ভগবান শ্রীরামের সঙ্গে এই শহরের যোগ রয়েছে। প্রত্যেক রাস্তার মোড়ে বড় বড় প্রাসাদ আর মন্দির। এই জন্য ওরছাকে ধর্মীয় শহরও বলা হয়। প্রাচীন ইতিহাস চাপা পড়ে রয়েছে এখানে। সব মিলিয়ে রহস্যে মোড়া এক স্থান।বর্তমানে ওরছায় রাম রাজা লোকের নির্মাণ কাজ চলছে। পাথুরে মাটি। তাই জেসিবি ও অন্যান্য বড় যন্ত্রের সাহায্যে খনন কাজ চলছিল। ক্রমাগত উঠে আসছিল শতাব্দী প্রাচীন নগরের ধ্বংসাবশেষ। একদিন জেসিবি দিয়ে খোঁড়াখুঁড়ির সময় মেশিন অপারেটরের কানে আসে অদ্ভুত শব্দ। উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়। ঘটনাস্থলে আসেন আধিকারিকরা। তাঁরা খনন কাজ সাময়িক বন্ধ রাখার নির্দেশ দেন।

উষ্ণায়নের প্রভাব পড়লো কাশ্মীরেও,

## বৃষ্টির জন্য প্রার্থনা

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : উষ্ণায়নের প্রভাব পড়লো কাশ্মীরেও। সেখানকার তাপমাত্রা উঠেছে ৩৬ ডিগ্রি। ২৫ বছর পর সেখানে এমন গরম পড়লো। সাধারণত গরমের সময়ও কাশ্মীরকে তাপমাত্রা ৩০ ডিগ্রির বেশি ওঠে না। ফলে সেখানে এসি, ফ্যানেরও দরকার হয় না। কিন্তু সেই কাশ্মীরেই তাপমাত্রা এতটা বেড়ে যাওয়ায় মানুষ বিপাকে পড়েছেন।

ইতোমধ্যেই উদ্যানপালন বিভাগ থেকে নির্দেশনা জারি করা হয়েছে। তাতে কাশ্মীরের আপেল, আখরোট-সহ বিভিন্ন বাগানের মালিক ও কর্মীদের সতর্ক করে জানানো হয়েছে, এই গরমে কী কী ব্যবস্থা নিতে হবে, তাদের বাগান বাঁচানোর জন্য। প্রথমেই বলা হয়েছে, যদি পানি দেয়ার সুবিধা থাকে, তাহলে অবিলম্বে যেন বাগানে পানি দেয়া হয়। গাছের গোড়ায় আদ্রতা বজায় রাখার ব্যবস্থা নিতে হবে।

সরকারি কর্মকর্তারা বলেছেন, মার্চ-এপ্রিলে কিছুটা বৃষ্টি হয়েছিল। তারপর বৃষ্টি হয়নি। তার জন্য গাছে পানি দরকার। একটা আপেলের ৮৬ শতাংশই পানি। তাই গাছ পানি না পেলে আপেল ভালো হবে না। এখন পানি না পেলে আপেল উৎপাদন কম হবে। ড্রাই ফ্রুটের ক্ষেত্রেও পোকা লেগে যাবে।

কাশ্মীরে এখন বৃষ্টির জন্য প্রার্থনা হচ্ছে। তাপপ্রবাহের ফলে ঝিলম নদীর পানি স্তর কমছে। ধানের ক্ষেত, সবজির ক্ষেত শুকিয়ে গেছে। আবহাওয়া দপ্তর জানিয়েছে, অস্বাভাবিক তাপপ্রবাহ চলছে। আগামী দিনে অল্পস্বল্প বৃষ্টি হতে পারে। অগাস্ট পর্যন্ত সামান্য স্বস্তি হতে পারে। কিন্তু ব্যাপক বা লাগাতার বৃষ্টির কোনো সম্ভাবনা এখনই নেই।

**গরমের ছুটি**

কাশ্মীরে এখন স্কুলে গরমের ছুটি দেয়ার দাবি উঠেছে। সরকার সিদ্ধান্ত নিয়েছে, আগামী দুই দিন পঞ্চম শ্রেণি পর্যন্ত স্কুল বন্ধ থাকবে। তাছাড়া বাকি বাচ্চাদের স্কুল শুরু হবে সকাল আটটা থেকে বেলা একটা পর্যন্ত।

এই নির্দেশ নিয়েও সামাজিক মাধ্যমে প্রচুর আলোচনা হচ্ছে। বাচ্চারা এত তাড়াতাড়ি স্কুলে যেতে পারবে কিনা, সেজন্য এতো সকালে উঠলে তাদের শরীর খারাপ হবে কিনা সে প্রশ্ন তোলা হচ্ছে। তবে কাশ্মীরে শীতের সময় দীর্ঘ ছুটি থাকে। তার উপর গরমের ছুটি দিতে হলে বাচ্চারা কতদিন স্কুল করতে পারবে, সেই প্রশ্নও উঠছে।

সরকারের তরফ থেকে বলা হয়েছে, দুপুরে বাচ্চা ও বয়স্করা যেন রোদে বের না হন। বের হলে যেন ছাতা নিয়ে বেরোন। প্রচুর পানি খান।

**কেন এই তাপপ্রবাহ?**

শ্রীনগরের আবহাওয়া অফিসের প্রধান সোনাম লোটাস জানিয়েছেন, যখন দীর্ঘ সময় ধরে বৃষ্টি না হয়, তখন এরকম অবস্থা হয়। তাপমাত্রা বেড়ে যায় এবং তা সহজে কমে না। এই তাপপ্রবাহ এবার কাশ্মীরে দেখা যাচ্ছে।' এটা আরো কয়েকদিন চলবে। তারপর হালকা বৃষ্টি হতে পারে বলে তিনি জানিয়েছেন।

শের ই কাশ্মীর বিশ্ববিদ্যালয়ের কৃষিবিজ্ঞান বিভাগের অধ্যাপক তাসলিম মুবারক ডাউন টু আর্থকে জানিয়েছেন, 'এই তাপপ্রবাহ বুঝিয়ে দিচ্ছে জলবায়ু পরিবর্তনের প্রভাব কী রকম ভাবে পড়ছে। এই তাপপ্রবাহের প্রভাব আপেলের আকার ও রংয়ের উপর পড়বে।'

১-ম পাতার পর

# বাংলা ভাগের চক্রান্তে বঙ্গ বিধানসভায় সরব মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়

প্রশাসনিক প্রধান বলেন নীতি আয়োগের মিটিংয়ে এটা দিয়েই শুরু করেছিলাম। ইমিডিয়েট এটা করা উচিত বলে জানিয়ে আসি। বাংলা নদী মাতৃক দেশ। বাংলাদেশ, ভুটান, নেপাল সীমান্ত রয়েছে। তাদের সবটাই আমাদের সঙ্গে। তাদের জল আমাদের মধ্যে এসে পড়ে। তিনি বলেন, সুমন কাঞ্জিলাল দীর্ঘদিন আগে বিজেপি ছেড়ে তৃণমূলে যোগ দিলেও বিধানসভায় তিনি এখনো বিজেপি বিধায়ক।

১-ম পাতার পর

# নিয়োগ দুর্নীতির অভিযোগে পাবলিক সার্ভিস কমিশনের প্রাক্তন অফিসারকে ১৪ বছর কারাদণ্ড দিল আদালত

দায়ের করা হয়। আবেদনকারী বলেন রাকেশ কুমার পাল এবং অন্যান্যরা চাকরির জন্য ১৫ লক্ষ টাকা ঘুষ চেয়েছিলেন। রাকেশ কুমার পাল বর্তমানে জামিনে রয়েছেন। অন্য ৬৬ জন ২০১৩ সালে সিভিল সার্ভিস পরীক্ষার সময় নিয়োগ সংক্রান্ত অপর একটি মামলায় বিচারের মুখোমুখি হয়েছেন। প্রসঙ্গত উল্লেখ্য যে মামলার রায় ঘোষণা করা হয়েছে তার পরীক্ষা হয়েছিল ২০১৫ সালে। ২০১৬ সালে এগ্রিকালচার ডেভেলপমেন্ট অফিসার পদের জন্য ফল ঘোষণা করা হয় এবং ২০১৭ তে এ ব্যাপারে মামলা দায়ের করা হয়। অভিযোগ দায়েরের পর পরীক্ষায় অংশ নেওয়া ১০৭৫ জন পরীক্ষার্থীকে পুলিশ জিজ্ঞাসাবাদ করেন। তাতে দেখা যায় অন্তত ২৭ জন পরীক্ষার্থীর নম্বর পরিবর্তন করা হয়েছে। এই মামলায় অন্য ১১ জনকে অভিযোগ থেকে মুক্তি দেওয়া হয়েছে। এবং একজন অভিযুক্ত রাজ সাক্ষী হয়েছেন।

১-ম পাতার পর

# জেলার সদর হাসপাতালে অভিযান দিদি নাম্বার ১ থেকে আসা হুগলি নাম্বার-১ এর রচনার

এখন রচনা বন্দ্যোপাধ্যায় এখানে এসেছেন। হাসপাতালের চিত্র যেন পাল্টে যায়।হাসপাতালে যেন কুকুর- ছাগল না ঘোরে। ঝাঁ চকচকে হয়ে যায়। আমি ছবি তুলে রাখলাম। আপনাদের কী প্রয়োজন সেটা বলবেন। রচনা বন্দ্যোপাধ্যায় আপনাদের পাশে থাকবে।

১-ম পাতার পর

# উত্তরপ্রদেশে দলীয় বিবাদে রাশ টানল বিজেপির কেন্দ্রীয় নেতৃত্ব

যাবে। ফলে যোগীকে সতর্ক করে তাঁর হাতেই আপাতত উত্তর প্রদেশের ভার রেখে দেওয়া হতে পারে।এর আগে দুই উপমুখ্যমন্ত্রীই মন্ত্রিসভার দুটি বৈঠক বয়কট করেন। মুখ দেখাদেখি বন্ধ ছিল তাঁদের। লোকসভা ভোটে রাজ্যে বিজেপির আসন কমে অর্ধেক হয়ে যাওয়ার দায় দুই উপ মুখ্যমন্ত্রীই নাম না করে যোগীর উপর চাপিয়ে দেন। যোগীর গদি যেতে পারে এমন আলোচনাও শুরু হয়ে যায় দলে। রাজ্যের আরএসএস নেতৃত্বও গোলমাল থামাতে ব্যর্থ হয়। যোগীকে না সরালে দিল্লি গিয়ে পদত্যাগের হুঁশিয়ারি দেন দুই উপমুখ্যমন্ত্রী। বরফ গলে শনিবার দিল্লিতে নীতি আয়োগের বৈঠকের পর। প্রধানমন্ত্রী মোদী বৈঠক শেষে দলের মুখ্যমন্ত্রী ও উপমুখ্যমন্ত্রীদের সঙ্গে আলোচনায় বসেন। এরপর যোগী সহ কয়েকজন মুখ্যমন্ত্রীর সঙ্গে আলাদা করে মুখোমুখি বৈঠক করেন তিনি। সেখানেই যোগীকে সামনে রেখে দল ও সরকার পরিচালনায় সকলকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার পরামর্শ দেন। তাৎপর্যপূর্ণ হল, প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকের পরই উত্তর প্রদেশ বিজেপি এক বিবৃতি জারি করে বলেছে, রাজ্যের দশ বিধানসভার উপ নির্বাচনে প্রার্থী বাছাই সহ গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত নেবেন যোগী।

# লেবাননে ইসরায়েলি ড্রোন হামলায় নিহত ২

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : লেবাননের দক্ষিণাঞ্চলে আজ সোমবার চালানো ইসরায়েলি ড্রোন হামলায় ২ জন নিহত হয়েছেন। এ হামলায় আহত হয়েছেন আরও তিনজন। লেবাননের বেসামরিক প্রতিরক্ষা বিভাগ এই তথ্য নিশ্চিত করেছে। লেবাননের বেসামরিক প্রতিরক্ষা বিভাগের এক কর্মকর্তা জানিয়েছেন, ইসরায়েলি ড্রোন হামলায় আহত তিনজনের মধ্যে এক নবজাতকও আছে। নিহত ব্যক্তিরা হিজবুল্লাহর যোদ্ধা নাকি বেসামরিক নাগরিক, তা জানায়নি উদ্ধারকারী কর্তৃপক্ষ। গত শনিবার ইসরায়েল নিয়ন্ত্রিত গোলান মালভূমিতে রকেট হামলার ঘটনায় ১২ জন নিহত হয়। যদিও হিজবুল্লাহ এই হামলার দায় স্বীকার করেনি। তবে এ নিয়ে ইসরায়েল-ফিলিস্তিন উত্তেজনা তুঙ্গে। চলমান উত্তেজনার মধ্যেই এ ড্রোন হামলা চালানো হয়েছে। এদিকে, ইসরায়েলি সেনাবাহিনী বলেছে তাদের আকাশ প্রতিরক্ষা বাহিনী আজ সোমবার পশ্চিমাঞ্চলীয় গালিলি এলাকায় একটি ড্রোন ভূপাতিত করেছে। ড্রোনটি লেবানন থেকে এসেছে।

নীতি আয়োগের বৈঠকে মমতা ব্যানার্জির মাইক বন্ধ করার অভিযোগ নিয়ে

# বিধানসভায় আলোচনাকে ঘিরে শাসক বিরোধী চাপান উতর তুঙ্গে ওঠে



কলকাতা: নিউজ সারাদিন : সম্প্রতি নীতি আয়োগের বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির মাইক বন্ধ করার অভিযোগ নিয়ে বিধানসভায় বিশেষ নিন্দা প্রস্তাব এনে আলোচনাকে ঘিরে শাসক বিরোধী চাপান উতর তুঙ্গে ওঠে। বিধানসভার অধিবেশনের শুরুতে ওই প্রস্তাব এনে আলোচনার দাবি জানান মন্ত্রী মানস ভুঁইয়া। সেই দাবি মেনে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় আলোচনার অনুমতি দিলে মানস বাবু বলেন, গত ২৭ তারিখ নীতি অযোগের বৈঠকে যে অগণতান্ত্রিক আচরণ করা হয়েছে গোটা দেশ তাঁর সাক্ষী। এদিকে প্রস্তাবের তীব্র বিরোধিতায় মুখর হন বিজেপির মুখ্য সচেতক শংকর ঘোষ। তিনি বলেন, মুখ্যমন্ত্রী যে অভিযোগ করছেন তা যথার্থ নয়। যদি সংবাদ পত্রের রিপোর্ট নিয়ে বিধানসভায় আলোচনা হয় তবে মন্ত্রী ফিরহাদ হাকিমের ধর্ম সংক্রান্ত মন্তব্য নিয়ে আলোচনা হবে না কেন তা নিয়েও তিনি প্রশ্ন তোলেন। এর পর একে একে লাভলি মৈত্র, নির্মল ঘোষ, , চন্দ্রিমা ভট্টাচার্য, ফিরহাদ হাকিম, শোভন দেব চট্টোপাধ্যায় প্রমুখ প্রস্তাবের সমর্থন করে বক্তব্য রাখেন। প্রস্তাবের বিরোধিতায় বক্তব্য রাখেন দীপক বর্মন, শিখা চ্যাটার্জি, অম্বিকা রায় প্রমুখ। এদিকে আলোচনা চলাকালীনই মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে মিথ্যাচারের অভিযোগ তুলে বিজেপি সদস্যরা স্লোগান দিতে শুরু করেন। কিছুক্ষন পর বিজেপির মুখ্য সচেতক শঙ্কর ঘোষের নেতৃত্বে তাঁরা বিধানসভা থেকে ওয়াকআউট করেন। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় বলেন মুখ্যমন্ত্রী নিজের সংসদীয় দ্বায়িত্ব পালন করতে নীতি আয়োগের বৈঠকে গেছিলেন। সেখানে তাঁকে বক্তব্য রাখতে বাধা দেওয়া হয়েছে। যা অত্যন্ত নিন্দনীয়। তাই সরকার পক্ষের আনা এই প্রস্তাবের তাঁর পূর্ণ সমর্থন আছে বলে অধ্যক্ষ জানিয়েছেন। তিনি আরো জানান বিধানসভায় গৃহীত এই নিন্দা প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়ে দেওয়া হবে।

১-ম পাতার পর

# সন্দেশখালির ঘটনায় এবার কড়া পদক্ষেপ নিতে চলেছে পুলিশ

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : জেলা তৃণমূলের জেলা পরিষদ সদস্য শিবু হাজরার ৩ টি পোল্ট্রি ফার্মে আগুন লাগিয়ে দেওয়া হয়। একটি বাচ্চাদের কিন্ডারগার্টেন স্কুলে তান্ডব চালায় দুষ্কৃতীরা। বিশাল পুলিশ বাহিনী নিয়ে ঘটনাস্থলে পৌঁছন রাজ্য পুলিশের ডিআইজি বারাসত রেঞ্জ সুমিত কুমার।এদিকে সন্দেশখালিতে শুক্রবার দুপুরে অস্ত্র হাতে বহিরাগতদের দাপাদাপি করতে দেখা যায়। শুক্রবার বিকেলে পুলিশকে ঘিরে বিক্ষোভ দেখাতে থাকেন গ্রামের মানুষজন। গ্রামের মানুষদের দাবি যাদেরকে পুলিশ গ্রেফতার করেছে তাদেরকে অবিলম্বে মুক্তি দিতে হবে। এদিকে বারাসতের ডিআইজি স্পষ্ট জানিয়ে দেন, যারা মদত দিচ্ছেন, গ্রামবাসীদের ক্ষিপ্ত করছেন, তাদের প্রত্যেকের বিরুদ্ধে ব্যবস্থা নেবে পুলিশ। এদিকে, জেলিয়াখালীতে সাধারণ মানুষের জমি জোর করে দখল করে তাতে পোল্ট্রি ফার্ম করেছিল বলে অভিযোগ তৃণমূল নেতা শিবপ্রসাদ হাজরার বিরুদ্ধে। বুধবারের পর ফের শুক্রবার সকাল থেকে সেই সব জমি দখলের নামল গ্রামবাসীরা। তারা শিবপ্রসাদের পোল্ট্রি ফার্মে আগুন ধরিয়ে দিয়ে বিক্ষোভ

# আবার অসমে প্রচারে রাহুল গান্ধী

এনএনএস: নিউজ সারাদিন : জাতীয় কংগ্রেস নেতৃত্ব উত্তর-পূর্বাঞ্চলে সাম্প্রতিক লোকসভা নির্বাচনে পাওয়া সমর্থনকে সংহত করতে চাইছেন। অসমে প্রচার-সংগঠনে জোর দিতে চাইছে কংগ্রেস হাইকম্যান্ড। কংগ্রেস উত্তর-পূর্বে অসমে-৩, নাগাল্যান্ড, মেঘালয়ে-২ ও মণিপুরে ২টি লোকসভা আসন জিতেও উজ্জীবিত হয়ে উঠেছে। অসমের ধুবড়ি, নগাঁও, জোরহাটে জয় পাওয়ার পাশে করিমগঞ্জ অল্পের জন্য হাতছাড়া হয়েছে কংগ্রেস। অসমে দুর্বল সংগঠন সত্ত্বেও জনগণের নীরব সমর্থনে উজ্জীবিত অসম প্রদেশ কংগ্রেস নেতৃত্ব। হিমন্ত বিশ্ব শর্মা জনপ্রিয়তা হারাচ্ছেন মনে করে ২৬-এর প্রস্তুতি শুরু করেছে কংগ্রেস।

২৬-এ কেরালা, পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু ও অসমে রাজ্য বিধানসভা নির্বাচন। তার আগেই অসমে কংগ্রেস সমর্থন সংহত করার পাশে হিমন্ত বিশ্ব শর্মা সরকারের জন বিরোধী



নানা নীতি, বেকাই, মূল্যবৃদ্ধি, মুসলিমদের বিরুদ্ধে রাজ্য সরকারের বৈষম্যমূলক নীতি, সি এ এ- এন আর সি নিয়ে ব্যাপক প্রচারে নামার পরিকল্পনা নিয়েছে। রাস্তায় নেমে আন্দোলনের ভাবনা রয়েছে কংগ্রেস নেতৃত্বে। অসম প্রদেশ কংগ্রেসের এক শীর্ষ রাজ্য নেতা জানান যে, আগামী দিনে কংগ্রেস রাজ্য নেতা জানান যে আগামী দিনে কংগ্রেস রাজ্যে বামপন্থী ও অন্য দলদের নিয়ে গড়া ইন্ডিয়া জোটকে শক্তিশালী করার পাশে বেকারি, দ্রব্যমূল্যবৃদ্ধি, সহ জনগণের ইস্যুতে গণ আন্দোলনে নামবে। অসম প্রদেশ কংগ্রেস এ নিয়ে বিস্তারিত কর্মসূচীর পরিকল্পনা নিয়েছে। কংগ্রেসের জাতীয় নেতাদের সঙ্গে যোগাযোগ রেখে চলেছেন সাংসদ গৌরব গগৈ।

২৬-এ অসমে হিন্দু সাম্প্রদায়িক বিজেপি সরকারকে হটাতে প্রচার অভিযান, জনসংযোগে নামা হবে। মুসলিম-দলিত জনজাতিদের একজোট করা হবে। কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে, রাহুল গান্ধী, প্রিয়াঙ্কা গান্ধী সহ কংগ্রেসের শীর্ষ নেতা-নেত্রীদের এনে ব্যাপক প্রচার অভিযান চালানো হবে জানান অসম প্রদেশ কংগ্রেস সভাপতি ভূপেন বোরা। ইতিমধ্যে কংগ্রেসের অন্দরে প্রচার সংগঠনের প্রস্তুতি চলেছে।

সি পি এম, সি পি আই, সি পি আই (এম এল) লিবারেশন, অখিল গগৈ-এর কৃষক মুক্তি সমিতির সঙ্গে আলোচনা করে অসম রাজ্যে গণ আন্দোলনের রূপরেখা তৈরি করা হবে। কংগ্রেসের আশা ২৬-এর অসম বিধানসভা নির্বাচনের আগে চাপ বাড়ানো সম্ভব হলে বিজেপিতে ভাঙ্গন অনিবার্য হয়ে উঠবে। তাসের ঘরের মত ভেঙে পড়বে হিমন্ত বিশ্ব শর্মার প্রশাসন ও সরকার। জাতীয়স্তরে মোদী সরকারের স্থায়ীত্ব নিয়ে মোটেই আশাবাদী নয় কংগ্রেস।

অসম প্রদেশ কংগ্রেস নেতৃত্বের তরফে অসমের সাম্প্রতিক লোকসভা নির্বাচন নিয়ে বিস্তারিত তথ্য ও মূল্যায়ন কংগ্রেসের কেন্দ্রীয় নেতাদের কাছে পাঠানো হবে। প্রদ্যুত বরদলুই, গৌরব গগৈ ও রকিবুল হোসেনের সঙ্গে এ নিয়ে কথা বলেছেন অসম প্রদেশ কংগ্রেস সভাপতি ভূপেন বোরা।

# জনসংখ্যা চিত্রের পরিবর্তনে উদ্বেগে হিন্দুত্ববাদী শিবির?

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : অসম, ত্রিপুরা, মেঘালয় সহ উত্তর পূর্বাঞ্চল, পশ্চিমবঙ্গ ও ঝাড়খন্ডে জনসংখ্যা চিত্রের সামাজিক, ধর্মীয় পরিবর্তনের ঘটনায় উদ্বেগে আরএসএস, বিশ্ব হিন্দু পরিষদ,বিজেপি সহ হিন্দুত্ববাদী শিবির।

২০১১-তে শেষ জাতীয় গণনার পর দীর্ঘ ১৩ বছর জাতীয় গণনা বন্ধ রয়েছে। মোদী সরকারের ১০ বছরেও সেন্সাস হয়নি। এদিকে উত্তর-পূর্বাঞ্চল ও পূর্ব ভারতের পশ্চিমবঙ্গ, ঝাড়খন্ডে দ্রুত মুসলিম জনসংখ্যার বৃদ্ধি সামাজিক, ধর্মীয় ও রাজনৈতিক ছবির দ্রুত পরিবর্তন ঘটে চলেছে। এরই মধ্যে অসমের মুখ্যমন্ত্রী তথা উত্তর-পূর্বে হিন্দুত্ববাদী শিবিরের মুখ হিমন্ত বিশ্ব শর্মা বমা ফাটিয়ে বলেছেন যে অসমে ৪০ শতাংশই এখন মুসলিম জনসংখ্যা। এর একটা বড় অংশই হল সাবেক পূর্ব পাকিস্থান, বর্তমান বাংলাদেশ থেকে আশা মুসলিম অনুপ্রবেশকারি। এর ফলে অসমের অ-মুসলিম ও হিন্দুদের কাছে তা জীবন মরণ সমস্যা হয়ে উঠেছে। হিমন্তের মতে ইদানীং ঝাড়খন্ডের সাঁওতাল পরগণা ও ছোট নাগপুরেও বাংলাদেশি মুসলিম অনুপ্রবেশ-স্থানীয় উপজাতিদের বিয়ে করে ধর্মান্তকরণের অভিযোগ উঠেছে। ঝাড়খন্ডের ইন্ডিয়া জোট সরকার এ নিয়ে নীরব। এর ফলে ঝাড়খন্ডে সামাজিক, ঘর্মীয় অস্থিরতার সম্ভাবনা তীব্র হতে পারে। হিমন্তের মতে অসম তো বটেই উত্তর-পূর্বের একাধিক রাজ্যে বাংলাদেশি মুসলিম ও রোহিঙ্গা অনুপ্রবেশ ঘটেছে।

অন্যদিকে পশ্চিমবঙ্গে কেশব ভবনের সংঘ কর্তাদের মতে, দেশভাগ, বাংলাভাগের পর ১৯৫১ সালের সেন্সারে যে গণনায় পশ্চিমবঙ্গে ৮৭ শতাংশ হিন্দু, ১২ শতাংশ মুসলিম জন সংখ্যা ছিল তা ২০২৪-এ উল্টো ছবি হয়েছে। এখন পশ্চিমবঙ্গে ২০১১-র সেন্সার মতে মুসলিম সংখ্যা ২৭ শতাংশ, হিন্দু সংখ্যা ৭১ শতাংশে দাড়িয়েছে। বিগত ১৩ বছরে মুসলিম জনসংখ্যা বেসরকারি ভাবে প্রায় ৩৫ শতাংশ, হিন্দু জনসংখ্যা ৬২ শতাংশে দাঁড়িয়েছে।

বাংলাদেশি অনুপ্রবেশ, ধর্মান্তকরণ, মুসলিমদের সন্তান হার বৃদ্ধিই এর মৌল কারণ বলে ব্যাখ্যা হিন্দুত্ববাদী শিবিরের। হিমন্ত বিশ্ব শর্মার মত পশ্চিমবঙ্গে আর এস এস-বিশ্ব হিন্দু পরিষদ নেতারা রাজ্যে মৌলবাদী মুসলিম সাম্প্রদায়িক শক্তির শ্রীবৃদ্ধিতে মমতা বন্দ্যোপাধ্যায় সরকার ও তৃণমূল কংগ্রেসের ভূমিকাকেও সামনে আনছেন। কমিউনিস্টরা এর পেছনে আর এস এসের ধর্মীয় বিভাজন ছকের রাজনীতি দেখতে চাইছে। সব মিলিয়ে বঙ্গের সাম্প্রদায়িক বিভাজনের পরিস্থিতি জোরদার হচ্ছে বলেই মত রাজনৈতিক মহলের।




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
৪ বর্ষ ২০৭ সংখ্যা ৩০ জুলাই, ২০২৪ মঙ্গলবার ১৪ শ্রাবণ, ১৪৩১

## পুতিনকে জার্মানির পাল্টা হুঁশিয়ারি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এবার রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনকে পাল্টা হুঁশিয়ারি দিল জার্মানি। দেশটির পররাষ্ট্রমন্ত্রণালয় বলেছে, রাশিয়ার হুমকিতে ভয় পায় না জার্মানি। জার্মানিতে ন্যাটো পারমাণবিক ক্ষেপণাস্ত্র মোতায়েন করলে পুতিনও মধ্যপাল্লার পারমাণবিক অস্ত্র পুনরায় উৎপাদনের হুমকি দিয়েছিলেন।

সেই হুমকির প্রেক্ষিতে আজ সোমবার এক সংবাদ সম্মেলনে জার্মানির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র সেবাস্টিয়ান ফিশার বলেছেন, '(পুতিনের) এমন বিবৃতিতে আমরা ভয় পাই না।'

ঘটনার শুরু চলতি মাসের প্রথম দিকে ওয়াশিংটন ও বার্লিন এক যৌথ ঘোষণায় জানায়, ২০২৬ সাল থেকে জার্মানিতে পর্যায়ক্রমে দূরপাল্লার ক্ষেপণাস্ত্র মোতায়েন করবে যুক্তরাষ্ট্র। থাকবে মার্কিন টমাহক ক্রুজ ক্ষেপণাস্ত্রও। ওই ঘোষণার পর গতকাল রবিবার পুতিন হুঁশিয়ারি দিয়ে বলেন, যুক্তরাষ্ট্র-জার্মানি তাদের এই কৌশলে এগিয়ে গেলে, রাশিয়াও মধ্যপাল্লার পারমাণবিক অস্ত্র উৎপাদন করবে।

পুতিন যে অস্ত্রের কথা বলেছেন, সেগুলো ৫০০ থেকে ৫ হাজার ৫০০ কিলোমিটার দূরের লক্ষ্যবস্তুতে আঘাত হানতে পারে। এই অস্ত্রগুলোর উৎপাদন নিয়ন্ত্রণ করতে ১৯৮৭ সালে একটি চুক্তি করেছিল যুক্তরাষ্ট্র ও তৎকালীন সোভিয়েত ইউনিয়ন। তবে ২০১৯ সালে ওই চুক্তি থেকে সরে দাঁড়ায় যুক্তরাষ্ট্র ও রাশিয়া।

পুতিনের হুমকির বিষয়ে আজ জার্মানির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র সেবাস্টিয়ান ফিশার বলেন, 'এ ধরনের ক্ষেপণাস্ত্রগুলো ইতিমধ্যেই উৎপাদন করা হয়েছে। আর রাশিয়া তা বহু আগে থেকেই মোতায়েন করেছে। এই ক্ষেপণাস্ত্রগুলো জার্মানি বা অন্য লক্ষ্যবস্তুতে ব্যবহার করা ঠেকাতে প্রয়োজনীয় পদক্ষেপ নিয়ে পরিকল্পনা করছি।'

## সম্পাদকীয়

### কাশ্মীরের সোপোরে এক ভয়াবহ বিস্ফোরণে চারজন নিহত হয়েছেন

উত্তর কাশ্মীরের সোপোরে এক ভয়াবহ বিস্ফোরণে চারজন নিহত হয়েছেন। বিস্ফোরণের কারণ নিয়ে পুলিশ ও গোয়েন্দারা এখনও ধন্দে। এর পিছনে জঙ্গি নাশকতা আছে কিনা তা খতিয়ে দেখা হচ্ছে। পুলিশ জানিয়েছে, সোমবার দুপুরের পর এই বিস্ফোরণ ঘটে।যদিও এলাকায় অস্থিতি সৃষ্টি করতে কিছুদিন ধরে জম্মু-কাশ্মীরে সক্রিয় রয়েছে জঙ্গিরা। যার পিছন থেকে নেতৃত্ব দিচ্ছে পাকিস্তান বাহিনী। এদিনও ট্রাকে করে বিস্ফোরক পাঠানো হয়েছিল কিনা তা এখনও স্পষ্ট নয়। তবে পুলিশ ও ভারতীয় সেনাবাহিনী কোনও সম্ভাবনাই উড়িয়ে দিচ্ছে না। এখনও এই ঘটনার দায় স্বীকার করেনি কোনও সংগঠন। তাই এটি নিছক দুর্ঘটনা নাকি এর নেপথ্যে নাশকতামূলক কিছু আছে তার খোঁজ চলছে।আচমকা এই ঘটনায় আতঙ্ক ছড়িয়েছে গোটা তল্লাটে।

পুলিশ আধিকারিকরা জানিয়েছেন, সোপোরের শের কলোনির একটি রদ্দি জিনিসপত্রের দোকানে বিকট শব্দে বিস্ফোরণ ঘটে। বিস্ফোরণের তীব্রতায় আশপাশের বাড়িঘর কেঁপে ওঠে। রদ্দি গুদামে ট্রাক থেকে মাল নামানোর সময় ঘটনাটি ঘটে।

পুলিশ জানিয়েছে, সে সময় চারজন মাল নামানোর কাজ করছিলেন। বিস্ফোরণে ঘটনাস্থলেই দুজনের মৃত্যু হয়েছে। অন্য দুজনের মৃত্যু হয় হাসপাতালে।

বারামুল্লা জেলার সোপোর শহরের শের কলোনিতে ওই রদ্দির দোকানটি আছে। সেখানেই ট্রাক থেকে রদ্দি জিনিসপত্র নামিয়ে গুদামে ঢোকানোর সময় ভয়াবহ বিস্ফোরণে কেঁপে ওঠে এলাকা। পুলিশ জানিয়েছে, মৃতরা হলেন নাজির আহমেদ নাডরু (৪০), আজিম আশরফ মির (২০), আদিল রশিদ ভাট (২৩) এবং মহম্মদ আজহার (২৫)। তাঁরা সকলেই শের কলোনির বাসিন্দা।বিস্ফোরণের প্রকৃত কারণ ও ব্যাপকতা নিয়ে এখনও বিস্তারিত কিছু জানা যায়নি। পুলিশ, গোয়েন্দা, সেনা ইন্টেলিজেন্স এবং ফরেনসিক বিশেষজ্ঞরা ঘটনাস্থলে পৌঁছেছেন। এই ঘটনার পিছনে জঙ্গিদের হাত আছে কিনা তা খতিয়ে দেখা হচ্ছে।

## সুন্দরবনবাসির রক্ষাকর্তা বনের মা বনবিবি দেবী



-: মৃত্যুঞ্জয় সরদার :-

তাই সুন্দরবনে গভীর জঙ্গলে কাঠ, গোলপাতা, মধু ও মোম সংগ্রহ বা মাছ ধরতে যাওয়ার আগে বনবিবির পূজা করে জলে নৌকা ভাসান। কারও উপরে কোনও আক্রোশ নেই এই পরমাসুন্দরী এবং ভক্তবৎসলা দেবীর। বাঘ ও বিভিন্ন অপদেবতার উপরে কর্তৃত্ব করেন বনবিবি। তিনি হিন্দুর বনদুর্গা বা বনদেবীর মুসলমানি রূপ। সুন্দরবনের ভেতরে আর বনসংলগ্ন লোকালয়ে প্রতিবছর পয়লা মাঘ 'বনবিবি'র পূজা হয়। জাতিধর্ম নির্বিশেষে বনবিবি পূজিতা হন।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

## ভগবান শ্রীকৃষ্ণনের অবতার যুগে যুগে



মৃত্যুঞ্জয় সরদার
(ষষ্ঠ পর্ব)



কন্যাসন্তান ভূমিষ্ঠ হল। পুরাণে কথিত এই সন্তানই যোগমায়া বা বৈষ্ণবী শক্তি যোগনিদ্রা। তাঁর প্রভাবে যশোদা অর্ধসচেতন হয়ে রইলেন। সন্তান জন্মগ্রহণ করেছে জানতে পারলেও সেটি পুত্র না কন্যা বুঝতে পারেননি নন্দপত্নী।যোগমায়ার আবির্ভাবের পর তাঁর প্রভাবে কংসের কারাগারের প্রহরীবৃন্দ ও মথুরাবাসীগণ নিদ্রায় সংজ্ঞাশূন্য হয়ে পড়ল। কৃষ্ণকে কোলে নিয়ে বসুদেব আসতেই কারাগারের বৃহৎ লৌহকপাট ও লোহার শেকলযুক্ত দ্বার একে একে উন্মুক্ত হল। বসুদেব কারাগারের বাইরে বেরিয়ে আসতেই মেঘগর্জন ও তুমুল বৃষ্টিপাত শুরু হল। অনন্তনাগ সহস্র ফণা বিস্তার করে বৃষ্টি নিবারণের জন্য বসুদেবের মাথার উপর আচ্ছাদন হয়ে পিছন পিছন যেতে লাগলেন। প্রবল বৃষ্টির কারণে স্রোতস্বিনী যমুনার তখন ভয়ংকর চেহারা। যমুনা পথ দেখালেন বসুদেবকে। বসুদেব নন্দালয়ে

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## রাহুলের আগুনঝরা বাজেট ভাষণে পুড়ল প্রতিপক্ষ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এক দশক পর ভারতের লোকসভায় ফিরেছে বিরোধী দলনেতার পদ। বাজেট অধিবেশনে আজ সোমবার লোকসভায় কেন্দ্রীয় সরকারকে এক হাত নিলেন দেশটির বিরোধী দলীয় নেতা রাহুল গান্ধী। পৌনে এক ঘণ্টা বক্তব্যে বিজেপি-শাসিত সরকারকে তুলোধুনো করেছেন রাহুল। রাহুল বলেন, 'হাজার হাজার বছর আগে কুরুক্ষেত্রে ছয় জন মিলে অভিমন্যুকে চক্রব্যূহে ফাঁসিয়ে হত্যা করেছিলেন। আমিও একটু পড়াশোনা করে দেখেছি, চক্রব্যূহকে পদ্মব্যূহও বলা হয়। পদ্মের মতো সামরিক গঠনের জন্য।" এর পরই কেন্দ্রকে বিঁধে লোকসভার বিরোধী দলনেতা বলেন, 'একবিংশ শতাব্দীতে এক নতুন চক্রব্যূহ তৈরি হয়েছে। তাও আবার পদ্ম ফুলের আকারে। যার প্রতীক প্রধানমন্ত্রী বুকে পরে থাকেন। অভিমন্যুর সঙ্গে যা করা হয়েছিল, যেভাবে তাকে ফাঁসানো হয়েছিল চক্রব্যূহে, সেটাই দেশের সঙ্গে, দেশের যুব সমাজ, কৃষক, নারী এবং ক্ষুদ্র, কুটির ও মাঝারি শিল্পের সঙ্গে করা হচ্ছে।' রাহুলের যুক্তি, মহাভারতের চক্রব্যূহের রাশ ছিল ছয় জনের হাতে- দ্রোণাচার্য, কর্ণ, কৃপাচার্য, কৃতবর্মা, অশ্বত্থামা ও শকুনি। বর্তমান সময়ের যে চক্রব্যূহের কথা রাহুল বলছেন, সেখানেও ছয় জনের হাতে রাশ রয়েছে বলে দাবি বিরোধী দলনেতার। রাহুলের মতে সেই ছয় জন হলেন- নরেন্দ্র মোদী, অমিত শাহ, মোহন ভাগবত, অজিত ডোভাল, আম্বানি ও আদানি।

লোকসভায় রাহুল এ কথা বলার সঙ্গে সঙ্গেই আপত্তি জানান স্পিকার ওম বিড়লা। বিজেপি শিবির থেকেও হট্টগোল শুরু হয়ে যায়। স্পিকার রাহুলকে জানান, যারা লোকসভার সদস্য নন, তাদের নাম ব্যবহার করা যাবে না। সাংবিধানিক পদে থেকে রাহুল যাতে সংসদীয় রীতি-রেওয়াজ মেনে চলেন, সেই বার্তা দেন স্পিকার। এর পর অবশ্য আম্বানী, আদানি ও জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভালের নাম প্রত্যাহার করে নেন। তবে বাকি তিনটি নামের ক্ষেত্রে নিজের বক্তব্যে অবিচল থাকেন রাহুল।

লোকসভার বিরোধী দলনেতার মতে, বর্তমান কালের এই চক্রব্যূহের নেপথ্য তিনটি শক্তি কাজ করছে। রাহুলের কথায় প্রথম শক্তি হল, 'পুঁজির উপর একচেটিয়া অধিকারের ভাবনা, যেখানে গোটা দেশের সম্পত্তির উপর দু'জনের অধিকার থাকে।' সরাসরি কারও নাম না করলেও রাহুলের খোঁচা যে দুই শিল্পগোষ্ঠীর দিকেই ছিল, তা বলার অপেক্ষা রাখে না। এছাড়া রাহুলের যুক্তিতে, দ্বিতীয় শক্তি হল সিবিআই, ইডি, আয়কর দফতরের মতো বিভিন্ন কেন্দ্রীয় সংস্থা এবং তৃতীয় শক্তি হল রাজনৈতিক নেতারা। এই তিন শক্তিই চক্রব্যূহের কেন্দ্রবিন্দুতে রয়েছে বলে আক্রমণ শানান লোকসভার বিরোধী দলনেতা।

এই 'চক্রব্যূহের' কারণে দেশবাসীর কী সমস্যা হয়েছে, সে কথাও তুলে ধরেন রাহুল। রাহুলের দাবি, যাঁরা ছোট ছোট ব্যবসা করেন, তাদের উপর এই চক্রব্যূহের প্রথম কোপ পড়েছে। নোট বাতিল থেকে শুরু করে পণ্য ও পরিষেবা কর এবং 'কর-সন্ত্রাস'

-এর কথা উঠে আসে রাহুলের সোমবারের বক্তৃতায়। তিনি বলেন, "দেশে যারা ছোট ছোট ব্যবসা করেন, রাতে তাদের কাছে আয়কর দফতর, পণ্য ও পরিষেবা কর দফতর থেকে ফোন যায়। তারা কর-সন্ত্রাসের শিকার হন। এই কর-সন্ত্রাস বন্ধ করার জন্য বাজেটে কোনও উল্লেখ নেই।"

## রাশিয়ায় ট্রেনের বগি লাইনচ্যুত, আহত শতাধিক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাশিয়ার দক্ষিণাঞ্চলে একটি লেভেলক্রসিংয়ে সোমবার যাত্রীবাহী ট্রেন ও ট্রাকের সঙ্গে সংঘর্ষে কমপক্ষে ১০০ জন আহত হয়েছে। ট্রেনটিতে ৮০০ জনেরও বেশি যাত্রী ছিল বলে সংশ্লিষ্ট কর্মকর্তারা জানিয়েছেন।

সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত ভিডিওতে দেখা যাচ্ছে, ট্রাকটি রেললাইনের পাশে পড়ে রয়েছে। সেই সঙ্গে ট্রেনের বেশ কয়েকটি বগিও পাশে পড়ে থাকতে দেখা যায়।

দক্ষিণ ভলগোগ্রাদ অঞ্চলের গভর্নর আন্দ্রেই বোচারভ বলেন, ট্রেনটি কাজান ও অ্যাডলার শহরের মধ্যে প্রায় ৮০০ যাত্রী নিয়ে যাচ্ছিল। এটি একটি 'অরক্ষিত ক্রসিংয়ে' ট্রাকের সঙ্গে সংঘর্ষে পড়ে।

জরুরি পরিস্থিতি মন্ত্রণালয় জানিয়েছে, 'ট্রেন লাইনচ্যুত হওয়ার স্থানে জরুরি উদ্ধারকাজ চালানো হচ্ছে। ৯টি বগি লাইনচ্যুত হয়েছে। এর মধ্যে সাতটি উল্টে গেছে। আপাতত ১০০ জনেরও বেশি লোক আহত হওয়ার খবর পাওয়া গেছে।'

বার্তা সংস্থা তাস জানিয়েছে, ১৫ শিশুসহ প্রায় ৩০ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে এবং আহতদের চিকিৎসার জন্য ২২ জন অ্যাম্বুল্যান্স ক্রুকে ঘটনাস্থলে পাঠানো হয়েছে।

# সিনেমার খবর

## অনন্তর বিয়েতে না যাওয়ার কারণ জানালেন আমির-অক্ষয়-কারিনারা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** নতুন জীবনে পা রেখেছেন ভারতের শীর্ষ ধনকুবের মুকেশ আম্বানিপুত্র অনন্ত আম্বানি ও ব্যবসায়ী বীরেন মার্চেন্টের কন্যা রাধিকা মার্চেন্ট। গত ১২ জুলাই রাজকীয় আয়োজনে বিবাহবন্ধনে আবদ্ধ হলেন তারা।

জমকালো আয়োজনেই বসেছিল আম্বানি পরিবারের ছোট ছেলের বিয়ের আসর। বিশ্বের অন্যতম ধনী পরিবারের ছেলের বিয়ে। অনন্ত-রাধিকার বিয়েতে তাই লোকে লোকারণ্য। বিশ্বের জনপ্রিয় সব তারকা জড়ো হয়েছিলেন এই বিয়ের আসরে।

শাহরুখ, সালমান, সঞ্জয় দত্ত, হৃতিক রোশন, রণবীর কাপুর, রণবীর সিং, আলিয়া, দীপিকা, ক্যাটরিনা, ভিকি, বরুণ ধাওয়ান, অনন্যা, জাহ্নবী, প্রায় গোটা বলিউড হাজির ছিলেন অনন্ত-রাধিকার বিয়ের অনুষ্ঠানে।

সপরিবারে হাজির হয়েছিলেন অমিতাভ বচ্চনও। তারা এলেন, নাচলেন, জয় করলেন আম্বানি পরিবারের মন। তবে এই বিয়েতে দেখা মেলেনি বেশ কিছু তারকার। নিমন্ত্রণ পেলেও বিয়েতে যেতে পারেননি অনেকেই।

তাদের মধ্যে এই মুহূর্তে বিদেশে ছুটি কাটাচ্ছেন সাইফ আলী খান ও কারিনা কাপুর খান। মূলত এ কারণেই অনন্ত-রাধিকার বিয়েতে যেতে পারেননি তারা। তবে সাইফের ছেলে ইব্রাহিম আলী খান ও মেয়ে সারা আলী খান বিয়েতে এসেছিলেন। অন্যদিকে করোনায় আক্রান্ত হওয়ায় অনন্ত-রাধিকার বিয়ে মিস করলেন অক্ষয়। এমনকি থাকতে পারছেন না তার আসন্ন সিনেমা 'সরফিরা'র প্রচারেও।

সাধারণত বলিউডের সব বিয়েতেই দেখা যায় কাজলকে। কয়েকদিন আগে সোনাক্ষীর বিয়েতেও দেখা গিয়েছিল তাকে। অনন্তর বিয়েতে ছেলেকে নিয়ে হাজির ছিলেন অজয়ও। কিন্তু দেখা মেলেনি কাজল ও তার মেয়ে নাইসার। তবে কাজলের অনুপস্থিত থাকার কারণ এখনও জানা যায়নি।

অভিনেত্রী ও বিজেপি সাংসদ কঙ্গনা রানাওয়াতও ছিলেন না অনন্তর বিয়েতে। জানা গেছে, একই দিনে কঙ্গনার এক বোনের বিয়ে ছিল। তাই এই বিয়েতে থাকতে পারেননি তিনি। অনন্ত-রাধিকার প্রিওয়েডিং পার্টিতে হাজির ছিলেন আমির। মঞ্চে তাকে নাচতেও দেখা গিয়েছিল। তবে মূল বিয়েতে ছিলেন না তিনি। আমির কেন আসেননি, সেই কারণও স্পষ্ট নয়।

বর্তমানে লন্ডনে রয়েছেন অনুশকা শর্মা ও বিরাট কোহলি। সে কারণেই অনন্ত-রাধিকার বিয়েতে হাজিরা দিতে পারেননি তারা। বলিউডের সমস্ত, বিয়ে, পার্টিতে হাজির থাকেন শিল্পা। তবে অনন্ত-রাধিকার বিয়েতে দেখা যায়নি তাকে। কারণও স্পষ্ট নয়। এদিকে বাবা অনিল কাপুর হাজির থাকলেও লন্ডনে থাকায় বিয়ে মিস করলেন সোনম কাপুর।



## বাবা-মেয়ের সিনেমায় খলনায়ক হলেন অভিষেক



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** মেয়ে সুহানা খানের সঙ্গে শাহরুখ খান যে সিনেমাটি করতে চলেছেন, সেই সিনেমার খলনায়কের নাম এসেছে। সেই খল অভিনেতা হলেন বচ্চন পুত্র অভিষেক বচ্চন। 'কিং খান' নামের এই সিনেমাটি বানাচ্ছেন পরিচালক-অভিনেতা সুজয় ঘোষ।

বলিউড হাঙ্গামা লিখেছে, সিনেমার চিত্রানাট্যে খলচরিত্রটি গুরুত্বপূর্ণ। এতদিন এ চরিত্রের জন্য অভিনয়শিল্পীর সন্ধানে ছিলেন সুজয়। এখন চিত্রনাট্য চূড়ান্ত হওয়ার পর এই চরিত্রের জন্য অভিষেকের সঙ্গে তার কথাবার্তা পাকা হয়েছে।

এর আগে সুজয়ের 'বব বিশ্বাস' সিনেমায় নামভূমিকায় অভিনয় করেছিলেন অভিষেক। এছাড়া অতীতে শাহরুখের সঙ্গে 'কাভি আলবিদা না কেহনা' ও 'হ্যাপি নিউ ইয়ার' সিনেমায় অভিনয় করেছিলেন। কিন্তু এই প্রথম কিং খানের বিপরীতে নামতে চলেছেন তিনি।

শাহরুখ ও গৌরি খানের প্রযোজনা প্রতিষ্ঠান 'রেড চিলিস এন্টারটেইমেন্ট' এর সঙ্গে যৌথভাবে পরিচালক সিদ্ধার্থ আনন্দের প্রতিষ্ঠান 'মারফিক্স পিকচার্স' এর ব্যানারে 'কিং খান' নির্মিত হচ্ছে।

চলতি বছরের অক্টোবর-নভেম্বরের দিকে সিনেমার শুটিং শুরুর পরিকল্পনা নিয়ে আগাচ্ছেন সুজয়। মুক্তির তারিখ আপাতত ধরা হয়েছে আগামী বছরের শেষ নাগাদ বা ২০২৬ সালের শুরুর দিকে।

কোভিড মহামারীর প্রভাবে মন্দা দশার পর গেল বছর 'পাঠান', 'জওয়ান' দিয়ে হিন্দি সিনেমার সুদিন ফেরান শাহরুখ খান। বছর শেষে এই নায়কের 'ডানকি' ব্যবসা সফল না হলেও শাহরুখের বিচারে এটি ছিল তার অন্যতম সেরা কাজ। এখন নায়কের ভাষ্য, বয়স অনুযায়ী চরিত্র নির্বাচন করে কাজ করতে চান তিনি। তবে কি 'জওয়ান' লুকেই ফের আসছেন শাহরুখ?

## বিদেশি স্বর্ণমুদ্রায় শাহরুখ খান



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অলিম্পিকের সাজে সেজে উঠেছে গোটা প্যারিস। দ্য বিগেস্ট শো অন আর্থকে দেখতে গোটা বিশ্ব তৈরি। ঠিক এরই মাঝে আলাদা করে নজর কেড়ে নিলেন বলিউড বাদশা শাহরুখ খান! নাহ, অলিম্পিকের সঙ্গে এর কোনো যোগাযোগ নেই। ব্যাপারটা পুরোটাই ভিন্ন।

সম্প্রতি প্যারিসের গ্রেভিন মিউজিয়ামের পক্ষ থেকে বিশেষ সম্মান জানানো হয়েছে শাহরুখ খানকে। তাদের মিউজিয়ামে এবার শোভা পেল শাহরুখের স্বর্ণমুদ্রা! হ্যাঁ, যে সোনার কয়েনে ফুটে উঠল শাহরুখের ছবি। প্যারিসের এই মিউজিয়ামে, এই প্রথম কোনো অভিনেতার নামে এমন স্বর্ণমুদ্রা তৈরি করা হয়েছে বলে জানা গেছে। স্বাভাবিকভাবেই এই সম্মান পেয়ে আপ্লুত শাহরুখ ও তার অনুরাগীরা।

## সম্পর্ক নিয়ে ঝাঁজালো মন্তব্য জাহ্নবীর



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বহু দিন ধরেই জল্পনা চলছিল তার সম্পর্ক নিয়ে। অবশেষে অনন্ত আম্বানি ও রাধিকা মার্চেন্টের বিয়েতে জাহ্নবী কাপুর ও শিখর পাহাড়িয়ার সম্পর্কে পড়েছে সিলমোহর। বিয়ের আসরে একসঙ্গে প্রবেশ করতে দেখা গিয়েছে তাঁদের। অন্দরমহলে হাতে হাত রেখে ঘুরে বেড়াতেও দেখা গেছে। এবার সম্পর্ক নিয়ে জোরালো মত প্রকাশ করলেন শ্রীদেবীর তনয়া। নতুন প্রজন্মের সম্পর্ক-সমীকরণ নিয়ে মুখ খুললেন জাহ্নবী।

সম্পর্কের ক্ষেত্রে নতুন প্রজন্ম বা 'জেন জি' 'সিচুয়েশনশিপ' নামে এক ধরনের সমীকরণে বিশ্বাস করেন বলে শোনা যায়। এর অর্থ পরস্পর সম্পর্কে থাকলেও তার মধ্যে কোনও প্রতিশ্রুতি নেই। সে সম্পর্ক কতদিন টিকবে তার কোনও নিশ্চয়তা নেই। এক পক্ষ হয়তো মন দিয়ে বসেছেন। ভবিষ্যতের স্বপ্নও দেখে ফেলেছেন। কিন্তু উল্টো দিকের মানুষটি শুধুই মুহূর্তের সুখ উপভোগ করতে চান। ভবিষ্যতের প্রতিশ্রুতি নিয়ে তিনি ভাবিত নন। এই বিষয়টিতে একেবারেই বিশ্বাসী নন জাহ্নবী।

তার মতে, প্রতিশ্রুতিবদ্ধ সম্পর্ক থাকবে, অথবা থাকবে না। এর বাইরে কিছু চলতে পারে না।

জাহ্নবী বলেন, “কাউকে পছন্দ হলে, ভালোবাসলে তার সঙ্গে থাকার প্রতিশ্রুতি দিন। তার প্রতি বিশ্বস্ত থাকুন। না হলে বলে দিন, এই সম্পর্কে আপনার আগ্রহ নেই।” ভালোবাসা থাকলেও সম্পর্কে প্রতিশ্রুতি নেই, এমন ধারণা একেবারে পছন্দ নয় অভিনেত্রীর। তার কথায়, “সম্পর্কের মাঝামাঝি থাকার এই বিষয়টা আমি বুঝতে পারি না। যে সব ছেলেরা সম্পর্কটিকে নিয়ে ভাবিত নয়। প্রেমিকাকে দোলাচলে রাখতে ভালবাসে, তাদের জীবন থেকে লাথি মেরে বের করুন।”

উল্লেখ্য, জাহ্নবী এই মুহূর্তে তার পরবর্তী ছবি 'উলঝ' নিয়ে ব্যস্ত। এই ছবিতে তার সঙ্গে দেখা যাবে আদিল হুসেন ও গুলশন দেবাইয়াকে। এর আগে অভিনেত্রীকে শেষ দেখা গেছে রাজকুমার রাওয়ের বিপরীতে 'মিস্টার অ্যান্ড মিসেস মাহি' ছবিতে।

## 'গোলমাল ৫' নিয়ে যে তথ্য জানালেন পরিচালক



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ভারতীয় চলচ্চিত্র পরিচালক রোহিত শেঠি 'গোলমাল ৫' নিয়ে নতুন তথ্য জানিয়েছেন। দেশটির সংবাদমাধ্যম পিঙ্কভিলার সঙ্গে আলাপচারিতায় 'গোলমাল ৫' নিয়ে কথা বলেছেন এই পরিচালক। গোলমালের আগের অভিনেতা দলকে পাল্টানো হবে কিনা সে বিষয়েও কথা বলেছেন তিনি।

**গোলমাল ৫ নিয়ে যে ইঙ্গিত দিলেন রোহিত শেঠি**

পিঙ্কভিলার আলাপচারিতায় রোহিত শেঠিকে প্রশ্ন করা হয়েছিল, কবে আসবে গোলমাল ৫? তাকে গোলমালের অভিনেতা দল নিয়েও জিজ্ঞাসা করা হয়। মূলত ২০১৮ সালে 'সিম্বা' সিনেমার 'আঁখ মারে' গান হিট হওয়ার পর থেকে এই সিনেমা নিয়ে কথা বলেছিলেন তিনি। তখন থেকেই তাকে 'গোলমাল' সিরিজের পঞ্চম সিনেমা নিয়ে বারবার প্রশ্নের মুখে পড়তে হয়।

শেঠি এখন গোলমাল ৫ নিয়ে ভক্তদের আগ্রহ আরও বাড়িয়ে দিলেন।

পিঙ্কভিলাকে দেওয়া সাক্ষাৎকারে রোহিত শেঠি জানিয়েছেন, গোলমাল সিরিজের আসন্ন সিনেমার কাজ চলছে, তবে সময় লাগবে।

তিনি বলেন, 'হাতে এখনো অনেক সময় আছে। গোলমাল সিরিজ নির্মাণ অব্যাহত থাকবে। সিনেমা না বানানোর কথা ভাবছি না। তবে কাজ শেষ হতে সময় লাগবে।' নিজের কেরিয়ারে একটি আলাদা জগত তৈরি করেছেন রোহিত শেঠি। এ প্রসঙ্গে এই পরিচালক পিঙ্কভিলাকে বলেন, কাজকে ভালোবেসেছি। তাই হয়তো কিছু করতে পেরেছি। সবার আগে কাজটাই আমার কাছে প্রাধান্য পাই।

'আমি এটা নিয়ে খুব গর্বিত। তা সে গোলমাল সিরিজ হোক বা কপ ইউনিভার্স হোক।'

**রোহিত শেঠি কি গোলমাল চরিত্রদের বদলাবেন?**

২০১০ সালের সিনেমাটি যদি আবার পরিচালনা করতে হয়, তাহলে রোহিত শেঠি কি চরিত্রদের পাল্টাবেন- এমন প্রশ্ন করা হয়েছিল পরিচালককে। তাকে বলা হয়েছিল, তিনি মাধব, গোপাল, লক্ষ্মণ ও ডাব্বুর প্রতিস্থাপন করবেন কিনা। উত্তরে রোহিত শেঠি বলেছেন, গোলমালের দল বদলানো প্রায় 'অসম্ভব'। তাদের বিকল্প ভাবার মতো অপশন আমার নেই।

তিনি জানান, তিনি কখনো গোলমাল সিরিজের মূল চরিত্রদের বদলাতে পারবেন না।

রোহিত শেঠির ভাষ্য, 'আমি এটা ভাবতে পারছি না।'

এর আগে পিঙ্কভিলাকে দেওয়া সাক্ষাৎকারে রোহিত শেঠি জানিয়েছিলেন, আগামী দুবছরের মধ্যে আসবে 'গোলমাল ৫'।

**গোলমাল সিরিজ নিয়ে কিছু তথ্য**

রোহিত শেঠি ২০০৬ সালে প্রথম 'গোলমাল: ফান আনলিমিটেড' পরিচালনা করেন। এরপর তিনি এই সিরিজের আরও তিনটি সিনেমা নির্মাণ করেন। এতে অভিনয় করেছিলেন অজয় দেবগন, আরশাদ ওয়ারসি, তুষার কাপুর, শারমান যোশী, রিমি সেন ও পরেশ রাওয়াল।

রোহিত শেঠি ২০০৮ সালে 'গোলমাল রিটার্নস' নামে এর সিক্যুয়েল নির্মাণ করেন। ২০০৮ সালের পর এখন পর্যন্ত গোলমাল ফ্র্যাঞ্চাইজির ঝুলিতে আছে 'গোলমাল থ্রি' ও 'গোলমাল এগেইন'।

### চ্যাম্পিয়ন্স ট্রফি:
## ভারতকে পাকিস্তানে নেয়ার উপায় কি?



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : ভারতকে পরের বছর চ্যাম্পিয়ন্স ট্রফি খেলতে পাকিস্তানে যেতে রাজি করাতে পারছে না পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)। হাল ছেড়ে দিল তারা। এখন ভরসা শুধুই ক্রিকেটের নিয়ামক সংস্থা আইসিসি। তাদের উপরেই আশা রাখছে পিসিবি।

কারণ, এই টুর্নামেন্টে অংশ নিতে পাকিস্তানে যেতে চায় না ভারত। সবশেষ আইসিসির বোর্ড সভাতেও ভারতের অংশ গ্রহণ নিশ্চিত হয়নি।

পিসিবির এক কর্মকর্তা জানিয়েছেন, পাক ক্রিকেট বোর্ড নিজেদের পক্ষ থেকে যা যা করার করেছে। তারা প্রস্তাবিত সূচি জমা দিয়েছে। খরচ কত হবে তাও জানিয়েছে। এবার যা ঠিক করার আইসিসি করবে।

এদিকে আইসিসির বার্ষিক বোর্ড সভা শেষে আইসিসির এক কর্মকর্তা বলেছেন, চ্যাম্পিয়ন্স ট্রফি কীভাবে হবে, তা আলোচ্য সূচিতে ছিল না। তাই এ ব্যাপারে (ভারতের চ্যাম্পিয়ন্স ট্রফিতে অংশগ্রহণ) কোনো আলোচনা হয়নি।

অন্যদিকে সম্মেলনের বাইরে ভারত-পাকিস্তানের কর্মকর্তারাও কি নিজেদের মধ্যে কথা বলেননি? এমন প্রশ্নের জবাবে কর্মকর্তা বলেছেন, কোনো দ্বিপাক্ষিক বৈঠকে যোগ দিতে যাইনি আমরা। তাই দুই বোর্ডের কর্তাদের আলাদা ভাবে কথা বলার সূচি ছিল না। পিসিবি কর্তাদের সঙ্গে চ্যাম্পিয়ন্স ট্রফি নিয়ে কোনও আলোচনা হয়নি।

'সম্মেলনের বাইরে কথা বলার তেমন সুযোগও ছিল না। এখনও অনেক সময় আছে প্রতিযোগিতার আগে। তা ছাড়া এটা আইসিসির প্রতিযোগিতা। আইসিসি কর্মকর্তারা সামলাবেন। সরাসরি পিসিবি কর্তাদের সঙ্গে আমাদের কথা বলার কিছু নেই।'

পাকিস্তান ক্রিকেট বোর্ড প্রস্তাবিত সূচিতে ভারতের সব ম্যাচ লাহোরে রেখেছে। ভারত সেমিফাইনালে উঠলে সেই ম্যাচও হবে লাহোরে। ফাইনালও হবে সেখানে। শোনা গিয়েছে মাঠের পাশে একটি বিলাসবহুল হোটেল তৈরি করতে পারে পিসিবি। সেখানেই রাখা হবে রোহিতদের। সে ক্ষেত্রে বেশি দূরে যাতায়াত করতে হবে না তাঁদের। রোহিত-কোহলিদের নিরাপত্তার কথা ভেবেই এই সিদ্ধান্ত।

কিন্তু টুর্নামেন্টটিতে অংশ নিতে পাকিস্তানে যেতে চায় না ভারত। ২০১২ সালের পর থেকে ভারত-পাকিস্তান দ্বিপাক্ষিক সিরিজ বন্ধ। গত বছর এশিয়া কাপ খেলতেও পাকিস্তানে যায়নি ভারত। রোহিতদের ম্যাচগুলি হয়েছিল শ্রীলঙ্কায়। ফাইনালও হয় সেই দেশে। এবার চ্যাম্পিয়ন্স ট্রফিও হাইব্রিড মডেলে খেলতে চায় ভারত।

# মাঠে ফেরার অপেক্ষায় মেসি



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : এ মাসেই অলিম্পিক ফুটবল ছাড়া শিগগির বড় কোনো ম্যাচ নেই আর্জেন্টিনার। আগামী সেপ্টেম্বরে ২০২৬ বিশ্বকাপ ফুটবলের বাছাই পর্বের ম্যাচে মাঠে নামবে আলবিসেলেস্তেরা। আর এটাই তাদের জন্য বড় স্বস্তির খবর। কারন দলের মুল ভরসা লিওনেল মেসি আছেন ইনজুরিতে। চোট সেরে মাঠে ফিরতে আরো সময় লাগবে মেসির। গত সপ্তাহে ফ্লোরিডার হার্ডরক স্টেডিয়ামে কোপার ফাইনালে কলম্বিয়াকে হারিয়ে রেকর্ড ১৬তম শিরোপা ঘরে তোলে আর্জেন্টিনা। রেকর্ড হয়েছে আরও একটি। স্পেনের পর দ্বিতীয় ও লাতিন আমেরিকার প্রথম দল হিসেবে টানা তিনটি মেজর টুর্নামেন্টের শিরোপা জিতে নিল তারা। ২০২১ কোপা আমেরিকা ও ২০২২ বিশ্বকাপের পর ২০২৪ কোপা আমেরিকা জয়ের স্বাদ পেল আলবিসেলেস্তেরা। পুরো টুর্নামেন্টে চমৎকার ফুটবল খেলে দলকে ফাইনালে তুলেছেন লিওনেল মেসি। অথচ ফাইনাল ম্যাচেই ভাগ্য সহায় হয়নি তার। খেলার প্রথমার্ধে অ্যাঙ্কেলে চোট পান তিনি। তারপরও দলের স্বার্থে চোট নিয়েও খেলা চালিয়ে যেতে চাইলেন আর্জেন্টিনা অধিনায়ক। সমস্যা হচ্ছে বোঝা যাচ্ছিল স্পষ্ট। মনে হচ্ছিল, বিরতির পর হয়তো আর মাঠে নামবেন না লিওনেল মেসি। তারপরও দলের প্রয়োজনে মাঠে ছিলেন তিনি। তবে খুব একটা সফল হলেন না। দৌড়ানোর সময় পিছলে পড়ে গিয়ে ফের চোট পেলেন। বাধ্য হয়েই তখন উঠে যেতে হলো। অশ্রুসিক্ত চোখে মাঠ ছাড়েন মেসি।

ম্যাচের সময়ই টিভি ক্যামেরায় দেখা যায় ডান পায়ের অ্যাঙ্কেল বেশ ফুলে গেছে মেসির। দ্বিতীয়বার পাওয়া চোটের তীব্রতা এতো বেশি ছিল যে, জুতা আর ডান পায়ে রাখতে পারেননি তিনি। সেটি নিয়ে ডাগআউটে বসে অঝোরে কাঁদতে থাকেন আর্জেন্টিনা অধিনায়ক। মাঠ ছাড়ার সময়ও তার চোখ দিয়ে অনবরত জল গড়িয়ে পড়তে থাকে। এই পা নিয়েই মাঠে দলের শিরোপা জয়ে উল্লাস করেন তিনি। পরে ড্রেসিংরুমেও চলে উদযাপন। ম্যাচ শেষে সংবাদ সম্মেলনে আর্জেন্টিনা কোচ জানান, ওই অবস্থায়ও দলের সঙ্গে মাঠে থাকতে চেয়েছিলেন আটবারের ব্যালন ডি'অর জয়ী, 'লিওর মাঝে এমন কিছু আছে, যা সবার থাকা উচিত। সে ইতিহাসের সেরা এবং অ্যাঙ্কেলের এই অবস্থা নিয়েও সে মাঠ ছেড়ে যেতে চাইছিল না। বিষয়টা এমন না যে, সে স্বার্থপর। (সে যেতে চায়নি) কারণ সতীর্থদের হতাশ করে একা ছেড়ে দিতে চায়নি। মাঠে থাকার জন্যই তার জন্য হয়েছে।'

ডান পায়ে চোট ম্যাচের প্রথমার্ধেই পেয়েছিলেন মেসি। তখন মাঠেই প্রাথমিক শুশ্রূষা নিয়ে নিজের পায়ে দাঁড়িয়ে যান তিনি। বাকি সময়ে অবশ্য কিছুটা খোঁড়াতে দেখা যায় আর্জেন্টিনা অধিনায়ককে। তবু দলের সঙ্গে লড়াইয়ে থাকার জন্যই মাঠ ছেড়ে যাননি তিনি। মেসির চোটের মাত্রা অবশ্য খুব একটা জটিল নয়। তারপরও মাঠে ফিরতে আরো বেশ কিছুদিন বিশ্রামে থাকতে হবে তাকে। তবে আর্জেন্টিনার আপাতত খেলা না থাকায় তার চোট মূলত ইন্টার মায়ামির জন্য চিন্তার কারণ। আন্তর্জাতিক বিরতিতে আসার আগে চলতি লিগে ১২ ম্যাচে ১২ গোল ও ৯ অ্যাসিস্ট করে মায়ামিকে এগিয়ে নেওয়ার বড় কারিগর ছিলেন মেসিই। চোটের কারনে ট্রফি নিয়ে দলের সাথে নিজ দেশে যেতে পারেননি মেসি। বিমানবন্দরে অপেক্ষায় থাকা ভক্ত-সমর্থকরা মিস করেছে তাদের স্বপ্নের তারকাকে। পায়ের অবস্থা ভালো না হওয়ায় যুক্তরাষ্ট্রেই থেকে যান মেসি। গোড়ালির চোটের জন্য মায়ামিতে নিজ ক্লাবের অধীনে চিকিৎসা নিচ্ছেন এই আর্জেন্টাইন তারকা। যুক্তরাষ্ট্রের ক্লাব ইন্টার মায়ামির ফরোয়ার্ড মেসি নিজের চোটের অবস্থা তুলে ধরেন ইনস্টাগ্রামে একটি পোস্ট দিয়ে, 'আমি ভালো আছি, সৃষ্টিকর্তাকে ধন্যবাদ এবং আশা করি আমি শিগগিরই মাঠে ফিরতে পারব এবং আমি যেটা করতে সবচেয়ে বেশি পছন্দ করি, তা উপভোগ করতে পারব। আমি খুশি, খুব খুশি, বিশেষ করে আমাদের লক্ষ্য অর্জন করতে পারায়।

### টেস্টে এবার হ্যারি ব্রুকের কাছে
## জায়গা হারালেন বাবর



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : দুঃসময় যেন পিছু ছাড়ছে না পাকিস্তানের তারকা ক্রিকেটার বাবর আজমের। টি-টোয়েন্টি বিশ্বকাপে দলের ভরাডুবির পাশাপাশি সমালোচনার মুখে পড়তে হয় নিজের পারফরম্যান্স নিয়ে। এবার লাল বলের ক্রিকেটেও দুসংবাদ পেলেন বাবর। টেস্ট র‍্যাঙ্কিংয়ে শীর্ষ তিন থেকে চারে নেমে গেছেন তিনি। পুরুষ ক্রিকেটারদের র‍্যাঙ্কিংয়ের সাপ্তাহিক হালনাগাদ প্রকাশ করেছে আইসিসি। তাতে উঠে এসেছে এই চিত্র।

সর্বশেষ হালনাগাদ করা তথ্যে দেখা গেছে ৮৫৯ রেটিং পয়েন্ট নিয়ে সবার শীর্ষে আছেন কেন উইলিয়ামসন। আর দ্বিতীয় স্থানে থাকা জো রুটের রেটিং পয়েন্ট ৮৫২। আর ৪ ধাপ এগিয়ে তৃতীয় স্থানে থাকা হ্যারি ব্রুকের ঝুলিতে ৭৭১ রেটিং পয়েন্ট। ৭৬৮ রেটিং পয়েন্ট নিয়ে পাকিস্তানের সাবেক অধিনায়ক বাবর আজম আছেন চারে। বর্তমানে টেস্ট সিরিজ নেই পাকিস্তানের। আর এতে নিজেকে প্রমাণের সুযোগও পাচ্ছেন না বাবর। ২৫ বছর বয়সি ইংলিশ ব্যাটসম্যান হ্যারি ব্রুক শুধু বাবর আজম নয়, ড্যারিল মিচেল, স্টিভেন স্মিথ ও রোহিত শর্মাকে টপকে তৃতীয় স্থান দখল করেছেন।

### চ্যাম্পিয়নস ট্রফি আয়োজনে
## পাকিস্তানকে বিপুল অর্থ দিচ্ছে আইসিসি



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : আগামী বছরের ১৯ ফেব্রুয়ারি পর্দা উঠবে চ্যাম্পিয়নস ট্রফির। এই আসরটি আয়োজন করতে যাচ্ছে পাকিস্তান। ফলে এ আয়োজনের জন্য আইসিসি থেকে বিপুল পরিমাণ অর্থ পাচ্ছে পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)।

গত ১৯ জুলাই শ্রীলঙ্কার কলম্বোতে অনুষ্ঠিত চার দিনব্যাপী আইসিসির বার্ষিক বোর্ড সভায় চ্যাম্পিয়নস ট্রফির আয়োজন করার জন্য পিসিবিকে ১২৮০ কোটি পাকিস্তানি রুপি অনুমোদন দিয়েছে আইসিসি। পিসিবিকে ১২৮০ কোটি রুপি দিয়েছে আইসিসি। পিসিবির মুখ্য অর্থ কর্মকর্তা জাভেদ মুরতাজা এবং আইসিসির মুখ্য অর্থ কর্মকর্তা অঙ্কুর খান্না মিলিতভাবে এই অর্থের পরিমাণ ঠিক করেছেন। মূলত মাঠের (করাচি, লাহোর এবং রাওয়ালপিন্ডি) পরিকল্পনা কাঠামোর উন্নতির জন্য এই অর্থ খরচ করা হবে।

২০২৫ সালের ১৯ ফেব্রুয়ারি থেকে আইসিসি চ্যাম্পিয়নস ট্রফি শুরু হবে। চলবে আগামী ৯ মার্চ পর্যন্ত-অর্থাৎ সেদিন ফাইনাল হবে। যেখানে শুধু ফাইনালের জন্য রিজার্ভ ডে রাখা হয়েছে। গ্রুপ পর্বে আটটি দলকে ভাগ করা হয়েছে দুটি গ্রুপে।

গ্রুপ 'এ' : ভারত, পাকিস্তান, বাংলাদেশ ও নিউজিল্যান্ড।

গ্রুপ 'বি' : অস্ট্রেলিয়া, দক্ষিণ আফ্রিকা, ইংল্যান্ড ও আফগানিস্তান।

### প্যারিস অলিম্পিক্সে রুপোর পদক
## হাতছাড়া হল অর্জুন বাবুতার



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : প্যারিস অলিম্পিক্সে ভারতকে রুপোর পদকের আশা জাগিয়েও খালি হাতে ফিরতে হলো অর্জুন বাবুতারকে। ১০ মিটার এয়ার রাইফেল ইভেন্টে তিনি অনেকক্ষণ দ্বিতীয় স্থানকে ধরে রেখেছিলেন। প্রথমে তিনি তৃতীয় স্থানে থাকার পরেও দ্বিতীয়তে উঠে এসেছিলেন। কিন্তু শেষের দিকে একেবারে পিছিয়ে পড়ে চতুর্থ স্থানে গিয়ে শেষ করলেন। এদিন তৃতীয় ভারতীয় হিসাবে ১০ মিটার এয়ার রাইফেলে পদক জেতার হাতছানি ছিল অর্জুনের সামনে। প্রথম সিরিজের শেষে তিনি তৃতীয় স্থানে ছিলেন। তার প্রথম দশটি শট ছিল ১০.৭, ১০.২, ১০.৫, ১০.৪, ১০.৬, ১০.৭, ১০.৫, ১০.৪, ১০.৬, এবং ১০.৪। কিন্তু দ্বিতীয় সিরিজের শুরুর পর তৃতীয় শটটাই অর্জুনের পদক জয় এর পথে বাধা হয়ে দাঁড়ায়।দ্বিতীয় সিরিজে সোনা জয়ী চীনের লিহাও শেংয়ের সঙ্গে তার পয়েন্টের ব্যবধান ছিল মাত্র ০.১। এই সিরিজের প্রথম দুটি শট ছিল ১০.৬ এবং ১০.৮। কিন্তু ১৩ নম্বর শটটাই ছিল ৯.৯ এর। এরপর তিনি ঘুরে দাঁড়ানোর চেষ্টা করেছিলেন ১০.৬ মেরে। ১৬ নম্বর শটে ব্রোঞ্জজয়ী ক্রোয়েশিয়ার মিরান মারিসিচের শট ছিল ১০.৯-এর। বাবুতা মারেন ১০.৭। ফলে তাঁদের স্কোর ছিল সমান-সমান (১৬৭.৮)। এরপর ক্রমেই পিছিয়ে পড়েন বাবুতা। তাঁর শেষ চারটি শট ছিল ১০.৫, ১০.১, ১০.৫ ও ৯.৫-এর। যার ফলে বাবুতার মোট স্কোর দাঁড়ায় ২০৮.৪।

অলিম্পিক রেকর্ড গড়ে এই ইভেন্টে সোনা জিতলেন লিহাও। তার মোট স্কোর ২৫২.২। সুইডেনের ভিক্টর লিন্ডগ্রেন ২৫১.৪ স্কোর করে রুপো জিতলেন।

# ইংল্যান্ডের টেস্ট ইতিহাসে বশির



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : ক্রীড়াজগতে 'ভাগ্য খেলা' একটু বেশিই হয়। এক সুযোগে বাজিমাতের ঘটনা ঘটে অহরহ। কখন প্রিয় সতীর্থ আউট হবেন, অফফর্মে পড়বেন, কখনইবা ইনজুরির থাবায় যাবেন ছুরি-কাঁচির নিচে– তীর্থের কাকের মতো অপেক্ষা, ডাগ আউটে ধুঁকপুকানি, চলে প্রার্থনা। একটা সুযোগ লুফে নেওয়ার কী যে প্রাণপণ চেষ্টা। খেরোখাতায় নয়া কাব্য লেখার দুর্বিষহ অভিযান। ক্রিকেটে এসব হয়, প্রায়ই... । শোয়েব বশিরের ছোট্ট ক্যারিয়ারে আষ্টেপৃষ্ঠে আছে এসবের ছাপ। জ্যাক লিচের জায়গায় সুযোগ পেয়ে ২০-বর্ষী তরুণ স্পিনার নিজের ক্যারিয়ার করেছেন পোক্ত, অলংকৃত করেছেন ইংল্যান্ড টেস্ট ক্রিকেট। এখন পর্যন্ত সব মিলিয়ে ২৪ উইকেট দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর তাকে ক্যারিয়ারের প্রথম পাঁচ টেস্টে ইংল্যান্ডের তৃতীয় সর্বোচ্চ উইকেট শিকারি স্পিনার বানিয়ে দিয়েছে।

বশির মাঠে নামলেই যেন টুপটাপ করে হেমন্তের ঝরাপাতার মতো খসে পড়ে রেকর্ড! ইংল্যান্ড জাতীয় দলের জার্সিটা এ বছরের জানুয়ারিতে প্রথমবার গায়ে জড়ালেও ক্রিকেট বিশ্ব তাকে ভালোভাবে চিনেছে ওয়েস্ট ইন্ডিজ সিরিজ দিয়ে। তবে রোহিত শর্মাদের বিপক্ষে সিরিজেও সাফল্যের সাক্ষ্য রেখেছিলেন। দলের প্রসিদ্ধ ও বিশ্বাসযোগ্য স্পিনার লিচের জায়গায় বশিরকে মাঠে নামায় ওয়েলস অব ইংল্যান্ড ক্রিকেট ম্যানেজমেন্ট। অথচ কাউন্টিতে এই লিচের জন্যই সামারসেটের সেরা একাদশে সুযোগ পেতেন না বশির। এজন্য ধারে উস্টারশায়ারে খেলা লাগত তার। ভারত সফরে প্রতিভার বিচ্ছুরণ দেখানো তরুণ ঘরের মাঠে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে সিরিজের দ্বিতীয় টেস্টের দ্বিতীয় ইনিংসে ৫ উইকেট শিকার করেছেন। এই পাঁচ উইকেট তাকে নিয়ে গেছে অনন্য এক উচ্চতায়। ইংল্যান্ডের সাদা পোশাকের খেলায় কয়েকটি রেকর্ডও গড়েছেন বশির। ঘরের মাঠে ইনিংসে ৫ উইকেট নেওয়া সর্বকনিষ্ঠ বোলার হয়ে গেছেন ২০ বছর ২৮২ দিন বয়সি এ স্পিনার। ২০০৬ সালের পর ট্রেন্ট ব্রিজে ৫ উইকেট নেওয়া প্রথম স্পিনারও তিনি। পাঁচ টেস্টের সংক্ষিপ্ত ক্যারিয়ারে ইনিংসে তিনবার ৫ উইকেট নিলেন বশির। এর মধ্যে লর্ডসে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে প্রথম টেস্টে বোলিং পাননি। প্রথম ৫ টেস্টে ইংল্যান্ডের তৃতীয় সর্বোচ্চ উইকেট শিকারি স্পিনারও তিনি। তার চেয়ে এগিয়ে শুধু নিক কুক ও গ্রায়েম সোয়ান।

অল্পবয়সি বশিরের বড় কীর্তিতে মুগ্ধ ইংলিশদের অধিনায়ক বেন স্টোকস। বলেছেন, 'বশির বিশ্বকে দেখিয়েছে, সে কী করতে পারে। কন্ডিশন পক্ষে থাকলে সে কী ঘটাতে পারে, তা ইতোমধ্যে দেখিয়েছে। মূলত সে উইকেটের জন্য মরিয়া থাকে সব সময়ই। এ সপ্তাহ আগেও এখানে উইকেটের জন্য কিছুই ছিল না। অথচ সাত দিনের ব্যবধানে সে উইকেট তুলে মেধার সাক্ষ্য দিয়েছে।'

বশিরের এমন অর্জনে দেশটির সাবেক অধিনায়ক মাইকেল ভন বলেছেন, 'তার (বশির) সীমানা আরও উঁচুতে। সাফল্য পেতে হলে আপনাকে বোলিং করে যেতে হবে। কিন্তু বশির শিখতে শিখতেই ভালো পারফরম্যান্স করছে।'

বশিরের উচ্চতা ৬ ফিট ৪ ইঞ্চি। লম্বা গঠন তাকে স্পিনের সঙ্গে বাউন্স পেতে সাহায্য করে। ইংল্যান্ডের এই আবিষ্কার পরবর্তীতে নিজেকে কোথায় দাঁড় করান, দেশের ক্রিকেট কতটা সমৃদ্ধ করেন, সেটাই দেখার বিষয়।

### শ্রীলঙ্কার টি-টোয়েন্টি
## অধিনায়ক আসালাঙ্কা



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : টি-টোয়েন্টি বিশ্বকাপে ব্যর্থতার পর অধিনায়কের পদ থেকে সরে দাঁড়ান ওয়ানিন্দু হাসারাঙ্গা। এবার তার জায়গায় অভিজ্ঞ চরিথ আসালাঙ্কাকে বেছে নিলো শ্রীলঙ্কা ক্রিকেট বোর্ড। ২৭ বছর বয়সী আসালাঙ্কাকে অধিনায়ক করে ভারতের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজের দল ঘোষণা করেছে লঙ্কানরা।

হাসারাঙ্গার জায়গায় আসালাঙ্কাই এগিয়ে ছিলেন সবদিক বিবেচনায়। এর আগে শ্রীলঙ্কার খণ্ডকালীন অধিনায়ক ছিলেন এই ব্যাটার। এছাড়াও তার নেতৃত্বে এলপিএলের শিরোপা জিতেছে জাফনা কিংস। শ্রীলঙ্কার হয়ে যুব বিশ্বকাপেও নেতৃত্ব দেওয়ার অভিজ্ঞতা আছে আসালাঙ্কার।

ভারতের বিপক্ষে লঙ্কানদের টি-টোয়েন্টি দলে চমক বলতে দিনেশ চান্ডিমাল। দীর্ঘ সময় পর দলে ফিরেছেন এই ডানহাতি ব্যাটার। ২০২২ সালে সর্বশেষ শ্রীলঙ্কার হয়ে আন্তর্জাতিক টি-টোয়েন্টি খেলেছেন তিনি। দলে জায়গা হয়নি অভিজ্ঞ অলরাউন্ডার অ্যাঞ্জেলো ম্যাথুসের।

শ্রীলঙ্কা টি-টোয়েন্টি দল

চারিথ আসালাঙ্কা (অধিনায়ক), পাথুম নিশাঙ্কা, কুশল পেরেরা, অভিষ্কা ফার্নান্দো, কুশল মেন্ডিস, দিনেশ চান্ডিমাল, কামিন্দু মেন্ডিস, দাসুন শানাকা, ওয়ানিন্দু হাসারাঙ্গা, দুনিত ভেল্লালাগে, মহেশ থিকশানা, চামিন্দু বিক্রমাসিংহে, মাথিশা পাথিরানা, নুয়ান তুশারা, দুষ্মন্ত চামিরা ও বিনুরা ফার্নান্দো।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR